আরও চাকরির খবর
ভেতরের পাতায়

এম সি এ-র প্রবেশিকা
জেকা ১৪ জুন ...পৃঃ ৩

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৯

বর্ষ ৪৬ সংখ্যা ৩৮ কলকাতা বুধবার, ১৫ এপ্রিল ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১ বৈশাখ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে ৯১৭৫ কনস্টেবল

টেকনিক্যাল ও ট্রেডসম্যান ক্যাটেগরিতে ৯,১৭৫ জন কনস্টেবল নেবে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ)। পশ্চিমবঙ্গের প্রার্থীরা ৭৫৪টি শূন্যপদে দরখাস্ত করতে পারবেন। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

**পুরুষ প্রার্থীদের জন্য শূন্যপদের বিন্যাস:** ব্রাস ব্যান্ড: ১৫টি। **বার্বার:** ১৭টি। **বাগলার:** ৮৯টি। **কবলার:** ৭টি। **কুক:** ১০৬টি। **কার্পেন্টার:** ৯টি। **ড্রাইভার:** ৩১৯টি। **মালি:** ১০টি। **মোটর মেকানিক ভেহিক্যল:** ৫০টি। **পাইপ ব্যান্ড:** ৪টি। **পেইন্টার:** ৫টি। **সাফাই কর্মচারী:** ৪১টি। **টেলর:** ১২টি। **ওয়াটার ক্যারিয়ার:** ৩৭টি। **ওয়াশারম্যান:** ২৭টি।

**মহিলা প্রার্থীদের জন্য শূন্যপদের বিন্যাস:** ব্রাস ব্যান্ড: ২টি। **বাগলার:** ১টি। পাইপ ব্যান্ড: ১টি। **ওয়াটার ক্যারিয়ার:** ২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে কাজ করার দক্ষতা থাকতে হবে। ড্রাইভার ট্রেডের ক্ষেত্রে হেভি ট্রান্সপোর্ট ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। মেকানিক মোটর ভেহিক্যল ট্রেডের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আইটিআই সার্টিফিকেট সহ ১ বছরের কাজের অভিজ্ঞতা অথবা ৩ বছর মেয়াদের অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট-সহ ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ড্রাইভার পদের ক্ষেত্রে ২১ থেকে ২৭ বছর এবং বাকি সব ক'টি ট্রেডের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি, তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, উগ্র বামপন্থা-অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি, তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০ সেমি, উগ্র বামপন্থা-অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি)। শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি, তফসিলি

এরপর দুয়ের পাতায়

## সাউথ ইস্টার্ন কোলফিল্ডসে ১০৫৫

মাইনিং সর্দার, ডেপুটি সার্ভেয়র ও অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান পদে ১,০৫৫ জনকে নেবে সাউথ ইস্টার্ন কোলফিল্ডস। এটি কেন্দ্রের কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে টেকনিক্যাল অ্যান্ড সুপারভাইজরি গ্রেড-সি ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি: নম্বর: SECL/HR/MP/Recruitment/2026/166

**শূন্যপদের বিবরণ: মাইনিং সর্দার:** ৫৭৭টি (সাধারণ ২২৫, তফসিলি জাতি ১১০, তফসিলি উপজাতি ৮৬, ওবিসি ৯৮, আর্থিক ভাবে অনগ্রসর ৫৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিগ্রি বা ডিপ্লোমা। সঙ্গে ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস সেফটি (ডিজিএমএস) কর্তৃক ওপেন কাস্ট ও আন্ডারগ্রাউন্ড মাইনস, উভয় ক্ষেত্রেই স্বীকৃত বৈধ মাইনিং সর্দারশিপ কম্পিটেন্সি সার্টিফিকেট, বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট, বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**ডেপুটি সার্ভেয়র:** ৪৩টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৬, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মাইনিং বা মাইন সার্ভেয়িং

এরপর বারোর পাতায়

## আসাম রাইফেলসে ১০৪

রাইফেলম্যান ও রাইফেল উওম্যান, হাবিলদার এবং ওয়ারেন্ট অফিসার পদে ১০৪ জনকে নিয়োগ করবে আসাম রাইফেলস। অভিযানে নিহত, কর্মরত অবস্থায় মৃত, কর্মরত অবস্থায় শারীরিক কারণে চাকরি থেকে অবসৃত অথবা কর্মরত অবস্থায় নিরুদ্দিষ্ট আসাম রাইফেলসের প্রাক্তন কর্মীদের পরিবারের নির্ভরশীল সদস্যরা আবেদনের যোগ্য। মহিলারা রাইফেল উওম্যান

এরপর চারের পাতায়

## নর্দার্ন কোলফিল্ডসে ৫৬১

বিভিন্ন পদে ৫৬১ জন কর্মী নেবে নর্দার্ন কোলফিল্ডস। এটি কয়লা মন্ত্রকের অধীনস্থ সংস্থা। নিয়োগ হবে হেভি আর্থ মুভিং মেশিনারি (এইচইএমএম) অপারেটর (ট্রেনি), প্যারামেডিক্যাল স্টাফ ট্রেনি এবং ওভারসিয়ার (সিভিল) পদে। নিয়োগ করা হবে মধ্যপ্রদেশের সিংগ্রাউলি এবং উত্তরপ্রদেশের শোনভদ্র জেলায়। এইচইএমএম অপারেটর পদের ক্ষেত্রে ৩ বছর এবং প্যারামেডিক্যাল স্টাফ পদের ক্ষেত্রে ১ বছরের ট্রেনিং। সফল ট্রেনিং শেষে স্থায়ী নিয়োগ করা হবে। ওভারসিয়ার পদের ক্ষেত্রে প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NCL/SING/HR/Direct-Recruitment/2026-27/125.

**শূন্যপদের বিবরণ: এইচইএমএম অপারেটর (ট্রেনি): ডাম্পার অপারেটর:** ৩০৮টি (সাধারণ ১২৩, তফসিলি জাতি ৬০, তফসিলি উপজাতি ১৭, ওবিসি ৭৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩০)। এর মধ্যে ৬০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **গ্রেডার অপারেটর:** ৩৪টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর

এরপর চারের পাতায়

## ইন্ডিয়ান ব্যাঙ্কে ২৪০ স্পেশ্যালিস্ট অফিসার

ম্যানেজার পদে ২৪০ জনকে নেবে ইন্ডিয়ান ব্যাঙ্ক। নিয়োগ করা হবে স্কেল-টু ক্যাটেগরিতে। প্রবেশন ১ বছরের।

শূন্যপদের বিন্যাস: ম্যানেজার: ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেটর: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার

এরপর এগারোর পাতায়

## কারেন্সি নোট প্রেসে ৪৯৪

বিভিন্ন পদে ৪৯৪ জন কর্মী নেবে কারেন্সি নোট প্রেস। এটি কেন্দ্রের অর্থ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে মহারাষ্ট্রের নাসিকের কারেন্সি নোট প্রেস, ইন্ডিয়া সিকিউরিটি প্রেস, মধ্যপ্রদেশের দেওয়াসের ব্যাঙ্ক নোট প্রেস এবং তেলঙ্গানার হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CNPN/HR/Rect./01/2026.

শূন্যপদের বিবরণ: **সুপারভাইজর (টেকনিক্যাল-কন্ট্রোল):** ২৭টি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (প্রিন্টিং):** ২৫টি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (আইটি):** ৬টি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (মেকানিক্যাল):** ৭টি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (ইলেক্ট্রিক্যাল):** ৮টি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

এরপর তিনের পাতায়

## বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৯৯ ড্রাফটসম্যান, স্টোর কিপার, অপারেটর

স্টোর কিপার টেকনিক্যাল, অপারেটর কমিউনিকেশন, ইলেক্ট্রিশিয়ান সহ বিভিন্ন পদে ৮৯৯ জনকে নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধু পুরুষরাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/2026.

**শূন্যপদের বিবরণ:** ড্রাফটসম্যান: ৪২টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ১)। হিন্দি টাইপিস্ট: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪)। স্টোর কিপার টেকনিক্যাল: ৩০০টি (সাধারণ ১৫১, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ২২, ওবিসি ৭৭, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। অপারেটর কমিউনিকেশন:

এরপর চারের পাতায়

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি

বিভিন্ন শাখায় ৩৩০ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। প্রার্থীকে অবশ্যই গেট ২০২৪ বা গেট ২০২৫ বা গেট ২০২৬ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে এক বছরের ট্রেনিং। সফল ট্রেনিং শেষে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অফিসার/সি পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NPCIL/HQ/HRM/ET/2026/02

শূন্যপদের বিন্যাস: মোট শূন্যপদ ৩৩০টি (সাধারণ ১২৬, তফসিলি জাতি ৫২, তফসিলি উপজাতি ২৪, ওবিসি ৯৭, আর্থিক ভাবে অনগ্রসব ৩১)।

**শাখা অনুসারে শূন্যপদ:** মেকানিক্যাল: ১২৫টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৮, ওবিসি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। কেমিক্যাল: ৪০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

এরপর চারের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

স্বনির্ভরতার সন্ধান

## উপার্জনের পথ দেখাচ্ছে সৌরবিদ্যুৎ



**সঞ্চিত জ্বালানিনির্ভর বিদ্যুতের বিকল্প হিসেবে সৌরবিদ্যুতের উপযোগিতা প্রমাণিত এবং গোটা বিশ্বেই বাড়ছে এর চাহিদা। ভারতেও সৌরবিদ্যুতের প্রচলন বাড়াতে উদ্যোগী হয়েছে সরকার। এ সময় সৌরবিদ্যুতের প্যানেল বসানো এবং সৌরবিদ্যুতের সরঞ্জামের ব্যবসা যথেষ্ট লাভজনক।**

**নিজস্ব প্রতিনিধি:** বর্তমানে বিশ্ব জুড়ে সৌরশক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ তৈরি করা হচ্ছে। এ ক্ষেত্রে ভারতও পিছিয়ে নেই। বিকল্প বিদ্যুৎশক্তির ব্যবহার বাড়াতে এ দেশেও সরকার নানা ভাবে উৎসাহ দিচ্ছে। সৌরশক্তির উৎপাদনকে কেন্দ্র করে কর্মসংস্থানও বাড়ছে। সৌরশক্তি এক দিকে পরিবেশবান্ধব, অন্য দিকে তেমনই অর্থনৈতিক ভাবে সম্ভাবনাময় ও লাভজনক ক্ষেত্র।

এ রাজ্যে সৌরবিদ্যুৎ উৎপাদনের কাজ করছে বেসরকারি সংস্থা, ভারতরেজ সলিউশনস। সংস্থার কর্ণধার, সঙ্গীতা সেন, পেশায় ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার। ১৪ বছর চাকরি করার পর তিনি সৌরবিদ্যুৎ সামগ্রী উৎপাদনের ব্যবসা শুরু করেন। ব্যবসা শুরুর দু'বছরের মধ্যে এই সংস্থা ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন এবং পশ্চিমবঙ্গ সরকারের পরিবহণ দপ্তরের সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করেছে।

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**URGENT/ জরুরী নিয়োগ**
**Reputed Manufacturing Unit.** Post: Production Supervisor/ Trainee Supervisor যোগ্যতা: Diploma (Mech/Prod/Polymer) Exp: 3 – 5 yrs./Fresher Skills: Leadership, MS Office. শিফট ডিউটি আবশ্যক। Apply with CV : hr@metco.in/accounts@metco.in

□

**Required : Paint Chemist**
**Urgent. 3-5 yrs. experience.** PU/ Epoxy paints & lab testing (Raw material & finished paint). Location: Bajaj Paints, B9 Industrial estate, Bazpur Road, Kashipur–244713, Uttarakhand. Mail: bajajpaintsksp@gmail.com Mob.: 91-95200-02435.

□

**বাড়ির অতিথি আপ্যায়ন, গাড়ি চালানোর দক্ষতা,** পোষ্যর দেখাশোনা ও পাহারার জন্য পিছুটানহীন মহিলা চাই। থাকা খাওয়া-সহ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী বেতন দেওয়া হবে। ছবি-সহ আবেদন করুন। শর্ত সাপেক্ষ। Whatsapp No. 82406-22825.

□

**Team Leader** পদের জন্য নামী ব্যাংকের অধীনে প্রচুর লোক প্রয়োজন। ইচ্ছুক ব্যক্তিরা নিজেদের অবসর + অভিজ্ঞতাকে কাজে লাগান। 4L-6L/PA. HS+, 45-65. 98753-98530.

□

**অবসোত্তর জীবনে 60-75 Top MNCতে** উচ্চ আয় Retd Govt/Bank Rly, army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমন দ্রুতপদোন্নতি Bonus P.S Bose 62912-11862.

□

**কলকাতার বিখ্যাত মিষ্টান্ন প্রতিষ্ঠানে** কারখানা ও দোকান পরিচালনার জন্য অভিজ্ঞ, দক্ষ ম্যানেজার চাই। থাকা-খাওয়া, P.F., ESI, বীমার সুবিধা আছে। 99033-91116/83350-06595.

□

### কর্মখালি

**Skilled Manager & Expert** Accountant needed for Job at Hospital of Berhampore West Bengal talk : 87686-81211.

□

**অবসরপ্রাপ্ত Bank গভঃ/Pvt / PSU/** রেল/গৃহবধূ কর্মপ্রার্থীদের (30-65 HS+) ভারতের নামী MNC Kol অফিসে Mngr পদে নিয়োগ Salary + PF + বোনাস। লতা: 85839-30352.

□

**Reputed Corporate Gr. reqd** Retd/HouseWife/Businessman/ Fresher HS+ (25-65) for Part/Full Time. Attractive Salary + PF + ESI 62893-03389.

□

**Tele-Caller চাই**

রায় ও মার্টিন প্রকাশনী সংস্থায় HS পাস মহিলা Tele-Caller চাই। Bio-data Whatsapp করুন: 80172-95555. কর্মস্থান: কলেজ স্ট্রিট, কলকাতা, Salary - 8000/-

□

**Apply for the following position-** Sales executive 3 to 5 years' experience in lift/ elevator industry, having own two wheeler and driving licence. e.mail: bharatelevator@yahoo.co.in

□

**ব্যারাকপুর MNC-তে স্থায়ী পদে কর্মী** নিয়োগ। HS + (25-65), Retd, Govt/ Bank, Rly, Army, টিচার, গৃহবধূ স্বাগত। আয় 35K+, বিদেশ ভ্রমণ। 90884-85746.

□

**Project BOOKS.COM@ Part Time** স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয় 62911-59330, 98315-37449.

□

**উকিল বাবুর সঙ্গে কাজ করার জন্য** মাসিক চার হাজার টাকায় সকাল ৯.৩০ থেকে ২.৩০ পর্যন্ত ও সন্ধ্যা ৭.৩০ থেকে ৯.৩০ পর্যন্ত উচ্চ মাধ্যমিক পাস বেলঘরিয়া নিবাসী মুহুরী চাই। M-86172-26173.

□

### কর্মখালি

**Play School required minimum 5** yrs. experienced Female Teacher and Centre Manager. Send CV : through WhatsApp. 82829-73101.

□

**Ltd. Co. Reqd. all District Br.** Manager & Receptionist, P.A, H.R, Back Office, Accountant, Peon. 93821-77012. micro.fccsl@gmail.com

□

**Required Exp. Accountant &** Sales Staff (M/F). Drop CV at Akruti Silver Jewellers, 1A Fern Road, Gariahat, Kol-19.

□

**অভিজ্ঞ সেলস মহিলা দরকার** জামা কাপড়ের দোকানের জন্য সত্বর। যোগাযোগ: ৯০৫১০-২৮৮৮৭ স্থান-কোলকাতা (ISO certified).

□

**Inift Design Inst. New Town Kol.** Req. Academic Counsellor (F) Faculty for Fashion, Interior & Graphic Design (Full/ Part Time) 98364-83399.

□

**একটি মুম্বাইভিত্তিক আন্তর্জাতিক মানের** ফুড এ্যান্ড বেভারেজ কোম্পানীর জন্য অঞ্চলভিত্তিক সেলস অফিসার চাই। যোগাযোগ: 98315-76311/ 70034-00559 পুরুষ/মহিলা সর্বোচ্চ বয়স-40 yrs.

□

**কল্যাণীতে বৃদ্ধাশ্রমে থাকা-খাওয়া** মাইনে-সহ পিছুটানহীন মহিলা কেয়ার-টেকার চাই। 94332-63948.

□

**অভিজ্ঞ DTP Operator চাই**

**Indesign, Pagemaker, Coreldraw,** Freehand, Photoshop-এর কাজ জানা অভিজ্ঞ DTP Operator চাই। rayandmartindtp@gmail.com, 6C রমানাথ মজুমদার স্ট্রিট, কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়ারের কাছে।

□

**Wanted Business Dev Exe with** Pharma / Healthcare Exp & Sales Assistant with bike for B2B Path Lab Whtsap: 70032-32505/ 70038-09130.

□

### কর্মখালি

**Reputed CA Firm Requires** Experienced Senior & Junior Accountants knowing A/c's, Income Tax, GST. Contact : 81004-84447/ 98310-88658.

□

**Wanted an Accountant for a** Machinery Manufacturing Company. Candidate must have Bachelor's Degree in Account and min. 12 Years experience with Tally ERP Apply to: bvhr101@gmail.com

□

**সুবর্ণ সুযোগ Retd/VRS Central/** State/PSU/Bank Employee Age 40-65 দের জন্য কোলকাতা অফিসে Part time কাজ, Full time Benefits. M: 90517-07815.

□

**Indian Railway approved Vendors** required fresh/ Expr. (Electronics) Service Engineer. Pl. send CV : scientificit6ups@yahoo.co.in

□

**Urgently reqd in MNC for Sr.** Post. Retd/VRS (Govt/Pvt/Bank/ Rly/PSU/BSF).Age 25-70,HS+. (20K-35K/PM) + PF + ESI. 82401-46669/98314-40024.

□

**JCMI SCHOOL Affiliated to** CBSE Sagar, 24 pgs (S) REQD. RESIDENTIAL Teacher for Physics & Maths Teacher. Should be Experienced & fluent in Eng. Send your CV at : jcmischool@gmail.com / M : 74397-47459.

□

**Wanted qualified teachers for** Chemistry (PGT), Maths (PGT) & Hindi (TGT). Send CV : sevaprashasan@gmail.com, Post : Amrita Vidyalayam, B.B.T Rd, Sarkarpool P.O., Kol-700143 latest by 16th April 2026.

□

**SRIJONI HEALING HOME PVT** LTD. Beleghata, Kolkata Reqr. Full Time Medical Officer (ICU & Ward), Radiologist/Sonologist Wapp: 96747-47383.

□

### কর্মখালি

**Bank/রেল/গভঃRetd/VRS/গৃহবধূ-**দের সম্মানের সাথে কাজ। Age 25-70 HS+. আয় 35k + Inc + বিদেশভ্রমণ। Zero Investment, No Target. Ph: 84201-61724.

□

**নামী Co.র Kol অফিসে 100 Fixed** Salary-তে সরাসরি জয়েনিং অফিস স্টাফ/Mngr./মার্কেটিং/ টেলিকলার 5-40K. No ইন্সুরেন্স সেলস 83450-23181/62919-38565.

□

**ভারতের বিখ্যাত Co তে Sr. Manager** পদে লোক চাই। Retd/VRS/ House-wife, Fin Distributor 45-65 yrs. অগ্রগণ্য। Salary + PF + Foreign Tour M: 97331-05157.

□

**T.C Peon স্টোরকিপার, Mngr,** রিসেপশনিস্ট, সুপারভাইজার, ক্যাশিয়ার, প্যাকিং-এর জন্য M/F চাই। বেতন: 16K-35K OT সহ ESI PF বালাজী এন্টারপ্রাইস: 90513-53006.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৮ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৯ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**Newly Opened Position for Sr.** Manager/Manager. Salary + Ex-Gratia + Bonus + PF + ESI + Inc + PDA + Others Benefit. Age 30-65, HS+. M: 78604-03464.

□

**MNC reqd Sr. Mngr/ Executive for** part/full time Retd/VRS/ House-wife/Businessman. Fixed Salary 10-60K + PF + Inc 20-70, HS+. 98362-3358.

□

**Teachers Req. English Medium** School, Dhosa, South 24 Parganas, WB. Pre-Primary/Primary. Grad, Montessori/NTT/D.El.Ed/B.Ed. Call: 97483-61720, info@dcbs.in

□

**We are Dunlop, Baranagar based** company is looking for General Graduates for Technical Sales roles in factory sectors across W. B. M: 86979-83850; hr@beseem.in

### স্কুল-কলেজ-শিক্ষা

ডন বস্কো টেকনিক্যাল স্কুল (ITI) লিলুয়াতে TURNER, MACHINIST, FITTER, ELECTRICIAN (BOYS & GIRLS)-এ ভর্তি চলিতেছে। এছাড়া স্বল্পমেয়াদী কোর্সগুলি হল: CNC, WELDING। যোগাযোগের নম্বর: 62919-20834, Website:www.dbltech.org


**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে ৯১৭৫ কনস্টেবল

*প্রথম পাতার পর*

উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে ৬/৬ ও ৬/৯। কাছের ক্ষেত্রে এন৬ এবং এন৯। রং চেনার ক্ষমতা ড্রাইভার ট্রেডের ক্ষেত্রে সিপি-টু মানের, মেকানিক মোটর ভেহিক্যল ট্রেডের ক্ষেত্রে সিপি-থ্রি মানের এবং বাকি সব ক'টি ট্রেডের ক্ষেত্রে সিপি-ফোর মানের হতে হবে।

প্রার্থীকে শারীরিক ভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি থাকলে চলবে না।

**বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, নথিপত্র যাচাই, কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, ট্রেড টেস্ট ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে কুক, ওয়াটার ক্যারিয়ার, বার্বার, ওয়াশারম্যান ও সাফাই কর্মচারী ট্রেডের পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১০ মিনিটে ১.৬ কিলোমিটার (মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১২ মিনিটে ১.৬ কিলোমিটার) দৌড়। বাকি ট্রেডগুলির পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৫ কিলোমিটার (মহিলা প্রার্থীদের ক্ষেত্রে সাড়ে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার) দৌড়।

কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস, এলিমেন্টারি ম্যাথমেটিক্স, ইংরেজি বা হিন্দি বিষয়ে। প্রতিটি বিষয়ের নম্বর ২৫। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rect.crpf.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (৫০-১০০ কেবি সাইজের মধ্যে), সই (৫০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (১০০-৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআই বা ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উপার্জনের পথ দেখাচ্ছে সৌরবিদ্যুৎ

*প্রথম পাতার পর*

কলকাতার সুলেখা, পাটুলি ও বেহালার বাস টার্মিনাসের যাবতীয় আলো, পাখা সৌরশক্তিতে চলে। পুরো কাজটাই রূপায়ণ করেছে ভারতরেজ সলিউশনস। সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলেও কাজ করে এই সংস্থা। ব্যবসার পাশাপাশি তারা সৌরবিদ্যুৎ ও সরঞ্জাম নিয়ে গবেষণার কাজও চালিয়ে যাচ্ছে। তাঁর কাজের জন্য সঙ্গীতা পেয়েছেন আন্তর্জাতিক পুরস্কারও। বর্তমানে এই সংস্থা সৌরবিদ্যুৎ সামগ্রী উৎপাদন ও তার ব্যবহারের বিষয়ে বেকার তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দিচ্ছে এবং তাঁদের উপার্জনের দিশা দেখাচ্ছে। 'কর্মক্ষেত্র'কে সঙ্গীতা বললেন, 'প্রশিক্ষণ ও দক্ষতাবৃদ্ধির মাধ্যমে এই ক্ষেত্রটিই ভবিষ্যতে গড়ে দেবে জীবিকার্জনের দৃঢ় ভিত্তি'।

## সংস্থার কাজ

ভারতরেজ সলিউশনস সোলার প্যানেল ইনস্টলেশন ও ইনস্টল করা প্ল্যান্ট রক্ষণাবেক্ষণের কাজ করে। নিজেদের ইনস্টল করা সব প্ল্যান্ট তো বটেই, অন্য সংস্থার বসানো প্ল্যান্টের মেরামতির কাজও করে এই সংস্থা। যদিও এই পরিষেবার জন্য ভারতরেজ সলিউশনস কোনও টাকা নেয় না। এ ছাড়া সৌরবিদ্যুৎ সংশ্লিষ্ট বিভিন্ন সামগ্রী বিপণন করে এই সংস্থা। একটা ফ্যান, দুটো লাইট, পিসিইউ, সোলার প্যানেল, ব্যাটারি ইত্যাদি দিয়ে পাঁচ ঘণ্টার ব্যাকআপ-সহ ইনস্টলেশনের খরচ ১৫ হাজার টাকা। এই সেটআপ থাকলে বাড়ির বিদ্যুতের বিল অবশ্যই চোখে পড়ার মতো কমবে।

## সংস্থার উৎপাদিত সামগ্রী

রুফটপ সোলার সিস্টেম, সোলার স্ট্রিট লাইট ও হাই মাস্ট লাইট, সোলার ওয়াটার হিটার, সোলার পাম্প, গার্ডেন ও পাথওয়ে সোলার লাইট, বাউন্ডারি ও সিকিউরিটি লাইটিং সিস্টেম, কাস্টমাইজড সোলার পাওয়ার সলিউশন, সোলার বাইসাইকেল লাইট, সোলার ক্যাপ, সোলার ফাউন্টেন, সোলার টর্চ, সোলার এলইডি বাল্ব, সোলার কার পারফিউম ইত্যাদি উৎপাদন করে এই সংস্থা। এর পাশাপাশি তৈরি করে উৎসবে সাজানোর জন্য সোলার প্রদীপ, বোতল লাইট, টুনি লাইট ইত্যাদি। এ সবই টানা পাঁচ ঘণ্টা চলবে, তিন ঘণ্টা সোলার চার্জের মাধ্যমে। বিদ্যুৎ সংযোগের প্রয়োজন হয় না, তাই এসব সামগ্রী যে-কোনও জায়গায় নিয়ে যাওয়া যায় নিশ্চিন্তে। 'এর পাশাপাশি সংস্থা সম্পূর্ণ সোলার প্রোজেক্টের পরিকল্পনা, ডিজাইন, ইনস্টলেশন ও রক্ষণাবেক্ষণ পরিষেবাও দেয়,' বললেন সঙ্গীতা সেন।

## প্রশিক্ষণ

কোর্সের নাম **ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রাম অন রিনিউয়েবল এনার্জি অ্যান্ড ইটস অ্যাপ্লিকেশন**। **কোর্সের মেয়াদ:** দু' সপ্তাহ। **কোর্স ফি:** ৭,৫০০ টাকা। **যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ বা সমতুল। **কী শেখানো হবে:** সোলার এনার্জির ধারণা, সোলার প্যানেল ইনস্টলেশন ও সংযোগ, সিস্টেমের বেসিক ডিজাইন, অপারেশন ও মেইনটেন্যান্স, সেফটি প্রোটোকল এবং হাতে-কলমে কাজ।

নতুন ব্যাচের ক্লাস শুরু হবে ১৫ মে। কোর্স প্রসঙ্গে সঙ্গীতা সেন বললেন, 'কোর্স শেষ করার পর অংশগ্রহণকারীরা আমাদের সংস্থার সঙ্গে ৩ মাসের আনপেড ইন্টার্নশিপ করতে পারবেন। এতে হাতে-কলমে প্রোজেক্টের কাজ শেখার সুযোগ মিলবে। ভবিষ্যতে কর্মজীবনে অগ্রগতির জন্য যা খুবই গুরুত্বপূর্ণ।'

এ ছাড়াও এমএসএমই এবং ভারতরেজ সলিউশনস যৌথ ভাবে সোলার ট্রেনিং প্রোগ্রাম করাচ্ছে। ছাত্রছাত্রীদের হাতে-কলমে প্রশিক্ষণ দেয় ভারতরেজ সলিউশনস। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয় এমএসএমই। এই কোর্সটি মহিলা ও সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সম্পূর্ণ নিখরচায় করতে পারবেন।

## কাজের সুযোগ

**সার্টিফায়েড মার্কেট ডেভেলপার:** ভারতরেজ সলিউশনস-এর সার্টিফায়েড মার্কেট ডেভেলপার হয়ে স্বাধীন ভাবে ব্যবসা করতে গেলে এককালীন ন্যূনতম বিনিয়োগ করতে হবে ২৫,০০০ টাকা।

**চ্যানেল পার্টনার:** ভারতরেজ সলিউশনস অনুমোদিত চ্যানেল পার্টনার হিসেবে কাজ করতে গেলে অবশ্যই একটি দোকান ঘর থাকতে হবে। এই কাজের জন্য এককালীন ন্যূনতম বিনিয়োগ করতে হবে ১৫,০০০ টাকা।

**মার্কেটিং এক্সিকিউটিভ:** এই কাজ করতে বাজার এবং বিপণন সম্পর্কে ধ্যান-ধারণা থাকা দরকার, কোনও রকম বিনিয়োগের প্রয়োজন নেই।

**ডিস্ট্রিক্ট ডেভেলপার:** সৌরবিদ্যুৎ সম্পর্কে ভারতরেজ সলিউশনস অনুমোদিত প্রশিক্ষণ থাকলে তবেই ডিস্ট্রিক্ট ডেভেলপার হওয়া যায়। এই কাজ করতে গেলে কোনওরকম বিনিয়োগ লাগে না।

ভারতরেজ সলিউশনস-এর সঙ্গে **যোগাযোগ**— সঙ্গীতা সেন: ৯৪৭৭৭-৮৪৭৬২, প্রমিতা পালিত: ৯৪৩২৩-২৬৭৫৫। ই-মেল: bharatraysolutions@gmail.com

# কী পড়বেন, কোথায় পড়বেন

## এম সি এ-র প্রবেশিকা জেকা ১৪ জুন

কম্পিউটার অ্যাপ্লিকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে (এমসিএ) ভর্তির পরীক্ষা 'জেকা-২০২৬'-এর জন্য আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে। পরীক্ষা ১৪ জুন। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। ৩১-১২-২০২৫ তারিখ অনুসারে প্রার্থীকে স্থায়ী বাসিন্দা হিসেবে পশ্চিমবঙ্গে অন্তত ১০ বছর টানা বসবাস করে থাকতে হবে।

কোর্সটি পড়ানো হবে যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়-সহ অন্যান্য সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় বি ই বা বি টেক। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনে বি এসসি (মেজর)। অনার্স-সহ বি এ বা বি কম অথবা বি এ বা বি এসসি বা বি কম (জেনারেল) বা বি সি এ বা বি ভোক। কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে অনার্স-সহ বি এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা। মোট নম্বর ১২০। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২২ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। তফসিলি, ও বি সি, তৃতীয় লিঙ্গ এবং আর্থিক ভাবে অনগ্রসদের ক্ষেত্রে ফি ৪০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা কিউ আর কোডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনপত্র সংশোধন করা যাবে ২৪ ও ২৫ এপ্রিল।

শিক্ষাপ্রতিষ্ঠান অনুসারে শিক্ষাগত যোগ্যতা ও প্রবেশিকা পরীক্ষার সিলেবাস-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্সের সার্টিফিকেট কোর্স

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্সের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর মাইক্রোপ্রসেসর অ্যাপ্লিকেশন ফর ট্রেনিং এডুকেশন অ্যান্ড রিসার্চ। কোর্সের মেয়াদ ৬ মাস।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক পাশ।

কোর্স ফি: ২০,০০০ টাকা, জিএসটি অতিরিক্ত।

ক্লাস শুরু হবে ১৫ মে থেকে। ক্লাস হবে শুক্র (সন্ধ্যা সাড়ে ৬টা থেকে রাত সাড়ে ৮টা) এবং শনিবার (দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে ৩টে ও বিকেল ৪টে থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cmaterju.in আবেদনের শেষ তারিখ প্রতিষ্ঠানের তরফে জানানো হয়নি।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in

## কারেন্সি নোট প্রেসে ৪৯৪

*প্রথম পাতার পর*

**সুপারভাইজর (ইলেক্ট্রনিক্স):** ৯টি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট:** ২২টি। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২১,৫৪০-৭৭,১৬০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং):** ১০৮টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্রোল):** ২২৭টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল):** ১২টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রনিক্স):** ১৫টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট):** ৮টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ফিটার):** ২০টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cnpnashik.spmcil.com অনলাইন দরখাস্ত করা যাবে ২০ এপ্রিল থেকে ১৯ মে পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

## স্পোর্টস কোচিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

স্পোর্টস কোচিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্স করানো হবে পঞ্জাবের পাতিয়ালায়। প্রশিক্ষণ দেওয়া হবে এই সব ক্রীড়া ক্ষেত্রে: অ্যাথলেটিক্স, বাস্কেট বল, ফুটবল, জিমন্যাস্টিক্স, হকি, সুইমিং, ভলি বল, ওয়েটলিফটিং ও রেসলিং।

আসনসংখ্যা: ৪০টি।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা। অথবা স্পোর্টস কোচিংয়ে বি এসসি। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্পোর্টস কোচিংয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ।

বয়স: ৪৫ বছরের মধ্যে হতে হবে।

কোর্স ফি: ৪৭,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা (৫০ নম্বর) ও ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। পরীক্ষা ২৮ মে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nsnis.org আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টসে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

স্ট্রেংথ অ্যান্ড কন্ডিশনিং, স্পোর্টস পারফর্ম্যান্স অ্যানালিসিস, স্পোর্টস সাইকোলজি এবং স্পোর্টস নিউট্রিশনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্সগুলি করানো হবে পঞ্জাবের পাতিয়ালায়।

**কোর্সের বিবরণ: স্ট্রেংথ অ্যান্ড কন্ডিশনিং:** আসনসংখ্যা: ৫০টি। **স্পোর্টস পারফর্ম্যান্স অ্যানালিসিস:** আসনসংখ্যা: ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** দু'টি কোর্সের ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

**স্পোর্টস সাইকোলজি:** আসনসংখ্যা: ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক, স্নাতক স্তরে অন্যতম প্রধান বিষয় হিসেবে সাইকোলজি পড়ে থাকতে হবে। অথবা স্পোর্টস সায়েন্স বা ফিজিক্যাল এডুকেশন বা ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস বা মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড হেলথ সায়েন্সেসে স্নাতক। অথবা যে-কোনও শাখায় স্নাতক, স্নাতক স্তরে অন্যতম প্রধান বিষয় হিসেবে সাইকোলজি পড়ে থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা পাশ করে থাকতে হবে। সব ক্ষেত্রেই স্নাতক স্তরে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্পোর্টস নিউট্রিশন:** ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক, স্নাতক স্তরে অন্যতম প্রধান বিষয় হিসেবে নিউট্রিশন পড়ে থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা পাশ করে থাকতে হবে। অথবা লাইফ সায়েন্স বা মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড হেলথ সায়েন্সেস বা স্পোর্টস সায়েন্স বা ফিজিক্যাল এডুকেশন বা ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টসে স্নাতক। সব ক্ষেত্রেই স্নাতক স্তরে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা (৮০ নম্বর) ও অনলাইন ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। পরীক্ষা ২৩ মে। পরীক্ষাকেন্দ্র পাতিয়ালা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nsnis.org আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

আবেদনের ফি বাবদ দিতে হবে স্পোর্টস পারফর্ম্যান্স অ্যানালিসিস বিষয়ের ক্ষেত্রে ২,৫০০ টাকা এবং বাকি বিষয়ের ক্ষেত্রে বিষয় প্রতি ১,৫০০ টাকা।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কৃত্রিম পরিবেশে কেশর চাষের অনলাইন প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** খাবার ছাড়াও প্রসাধনী ও ওষুধ তৈরিতে জাফরান বা কেশর ব্যবহার করা হয়। পৃথিবী জুড়ে চাহিদা আছে ভারতীয় কেশরের। কয়েক বছর ধরে ভারতের বেশ কিছু রাজ্যে কৃত্রিম পরিবেশ গড়ে তুলে সফল ভাবে কেশর চাষ করা হচ্ছে। এই রাজ্যগুলির অন্যতম পশ্চিমবঙ্গ।

এ-রাজ্যের বেকার তরুণ-তরুণীদের উপার্জনের দিশা দেখাতে পারে কৃত্রিম পরিবেশে কেশর চাষ। কাচের বয়ামে শুকিয়ে রাখা কেশর সংরক্ষণ করা যায় ৩ থেকে ৭ বছর। কেশরের পাপড়ি, রেণু ও বীজ, সবই বিক্রি হয় ভালো দামে। সুতরাং ঠিক ভাবে চাষ করতে পারলে এর থেকে আয় হবে যথেষ্ট। তবে তার আগে কৃত্রিম উপায়ে কেশর চাষের প্রশিক্ষণ নেওয়া জরুরি। হাতে-কলমে প্রশিক্ষণ নেওয়ার আগে অনলাইনে প্রশিক্ষণ নিয়ে ধারণা তৈরি করে নেওয়া যায়। সেই সুযোগ করে দিচ্ছে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি।

চলতি মাসেই কৃত্রিম পরিবেশে কেশর চাষের অনলাইন প্রশিক্ষণ দেবে এই প্রতিষ্ঠান।

**কোর্সের নাম:** অনলাইন স্যাফ্রন কাল্টিভেশন

**কোর্সের মেয়াদ:** ২৭-২৮ এপ্রিল। প্রতিদিন দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস

**ফি:** ৫,৪০০ টাকা

**কী পড়বেন:** উন্নত ও আধুনিক চাষের পদ্ধতি, জল ও সারের যথাযথ প্রয়োগ, রোগ প্রতিরোধ করার পদ্ধতি, ফসলের গুণগত মান বজায় রাখার পদ্ধতি।

**পঠনপাঠনের মাধ্যম:** হিন্দি এবং ইংরেজি

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in/view-courses/ যাবতীয় খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

## প্লাস্টিক টেকনোলজির নানা কোর্সে ভর্তি

প্লাস্টিক টেকনোলজি-সংক্রান্ত ডিপ্লোমা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট)। এটি ভারত সরকারের রসায়ন ও পেট্রোরসায়ন বিভাগের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা 'সিপেট অ্যাডমিশন টেস্ট-২০২৬'-এর মাধ্যমে। পরীক্ষা ৭ জুন। কোর্সগুলি শুরু হবে জুলাইয়ে। রাজ্যের হলদিয়া ক্যাম্পাসে সবক'টি কোর্সই পড়ার সুযোগ রয়েছে।

### 'সিপেট অ্যাডমিশন টেস্ট-২০২৬' ৭ জুন

কোর্সের বিবরণ: **ডিপ্লোমা কোর্স: প্লাস্টিক্স টেকনোলজি, প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: উভয় কোর্সের ক্ষেত্রেই অন্তত মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ৩ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং:** শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। কোর্সের মেয়াদ: ২ বছর।

**পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন (ক্যাড/ক্যাম-সহ):** শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/প্লাস্টিক্স টেকনোলজি/ পলিমার/ টুল/প্রোডাকশন/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/মেকাট্রনিক্স/ টুল অ্যান্ড ডাই মেকিং/ পেট্রোকেমিক্যালস/ইন্ডাস্ট্রিয়াল/ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা অথবা সিপেট থেকে প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি বা প্লাস্টিক্স টেকনোলজিতে তিন বছরের ডিপ্লোমা। কোর্সের মেয়াদ: দেড় বছর।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৭ জুন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র হলদিয়া।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cipet.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৮ মে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ওয়ালেট বা ইউ পি আইয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। নিজের কাছে রাখবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অনলাইনে কৃত্রিম মেধায় এম এসসি ডিগ্রি

**নিজস্ব প্রতিনিধি:** আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) বা কৃত্রিম মেধা বিষয়ে অনলাইন স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়াবে ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইটি), সিকিম। অ্যাপ্লায়েড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের এই এম এসসি কোর্সটি করতে পারেন কর্মরতরাও। ২ বছরের কোর্স।

**কী পড়ানো হবে:** কোর্সটি চারটি সেমেস্টারে বিভক্ত। পড়ানো হবে ডেটা স্ট্রাকচার, মেশিন লার্নিং, জেনারেটিভ মডেল, ক্লাউড ডেপ্লয়মেন্ট ইত্যাদি কাজে কৃত্রিম মেধার প্রয়োগ।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান কিংবা বাণিজ্য শাখায় স্নাতক। স্নাতক স্তরে মোট ৫৫ শতাংশের বেশি নম্বর পেয়ে থাকতে হবে। দ্বাদশে বা স্নাতক স্তরে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। তবে ম্যাথমেটিক্স পড়ে না থাকলেও ভর্তির জন্য আবেদন করা যাবে। সে ক্ষেত্রে এই কোর্সের জন্য প্রয়োজনীয় অঙ্ক শেখার সুযোগ দেওয়া হবে। কর্মরতদের অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**কোর্সের মেয়াদ:** ২ বছর

**অনলাইন ক্লাসের দিন:** প্রতি শনি ও রবিবার

**অ্যাডমিশন ফি:** ২,০০,০০০ টাকা

**আবেদনের শেষ তারিখ:** ২৫ এপ্রিল

**আবেদনের ফি:** ১০ হাজার টাকা। ভর্তি হওয়ার পর এই টাকা অ্যাডমিশন ফিয়ের সঙ্গে যুক্ত করে নেওয়া হবে।

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে সিকিম এনআইটি-র এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nitsikkim.ac.in/ যাবতীয় খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

## ডকুমেন্টারি ফোটোগ্রাফির ডিপ্লোমা কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** ডকুমেন্টারি ফোটোগ্রাফির ১ বছরের ডিপ্লোমা কোর্স পড়াবে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির। কোর্সটি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত। কেবল ছেলেরা আবেদন করতে পারবেন।

কোর্সের মূল বিষয় 'আর্ট অব ভিশুয়াল স্টোরিটেলিং'। কোর্স শুরু ১১ জুলাই।

**ক্লাস:** প্রতি শনিবার ক্লাস হবে দুপুর সাড়ে তিনটে থেকে। **বয়স:** কোনও বাধানিষেধ নেই। **কোর্স ফি:** ২০,০০০ টাকা।

অনলাইন ও অফলাইন আবেদন করা যাবে। বিস্তারিত জানতে দেখুন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের এই ওয়েবসাইট: www.vidyamandira.ac.in

# রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে ১৮৮ অপারেটর ট্রেনি

কেমিক্যাল শাখায় ১৮৮ জন অপারেটর ট্রেনি নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং শেষে সফল প্রার্থীদের নিয়োগ করা হবে গ্রেড টু-(এ৬)-এ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 17022026.

**পোস্ট কোড OPTR_CHEM/022026:** সাধারণ ৮৫, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ১৭, ওবিসি ৫০, আর্থিক ভাবে অনগ্রসর ১৮।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর সহ কেমিস্ট্রিতে বি এসসি ডিগ্রি। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডে এনসিভিটি কোর্স পাশ করে থাকতে হবে। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ৩ বছরের ডিপ্লোমা, সেই সঙ্গে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং। স্যান্ডউইচ কোর্সের ক্ষেত্রে ৪ বা সাড়ে ৩ বছরের ডিপ্লোমা কোর্সও গ্রাহ্য হবে। অথবা বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক সহ ডিপ্লোমার দ্বিতীয় বর্ষে বা তৃতীয় সেমেস্টারে সরাসরি ভর্তি হয়ে থাকলেও আবেদন করা যাবে।

**বয়স:** ১-২-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র মুম্বই ও নাগপুর।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ২২,০০০ টাকা। ট্রেনিং শেষে সফল প্রার্থীদের নিয়োগ করা হবে গ্রেড টু-(এ৬)-এ। তখন বেতনক্রম: ২২,০০০-৬০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com দরখাস্তের শেষ তারিখ ২৭ এপ্রিল। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা। ব্যাঙ্ক চার্জ ও জিএসটি অতিরিক্ত। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি

*প্রথম পাতার পর*

**ইলেক্ট্রিক্যাল:** ৬৫টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **ইলেক্ট্রনিক্স:** ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **ইনস্ট্রুমেন্টেশন:** ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সিভিল:** ৩৫টি (সাধারণ ১৩, তফসিল জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

মোট শূন্যপদের মধ্যে ৩১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড এম টেক। সেই সঙ্গে গেট ২০২৪ বা গেট ২০২৫ বা গেট ২০২৬ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

যে সব সমতুল বিষয়ে ডিগ্রি গ্রাহ্য হবে, সেই বিষয়গুলি হল: • মেকানিক্যালের ক্ষেত্রে প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং • কেমিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রো-কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং • ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স • ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোলস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং • ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোলস, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন।

**বয়স:** ৩০-৪-২০২৬ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ৭৪,০০০ টাকা, সেই সঙ্গে এককালীন বুক অ্যালাওয়েন্স বাবদ ৩০,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে প্রার্থীদের নিয়োগ করা হবে সায়েন্টিফিক অফিসার/সি পদে। তখন বেতন ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ এপ্রিল পর্যন্ত। দরখাস্তের সময় গেট পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর প্রয়োজন হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ইন্টারভিউয়ের সময় প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৯৯ ড্রাফটসম্যান, স্টোর কিপার, অপারেটর

*প্রথম পাতার পর*

২৬১টি (সাধারণ ১১৪, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৮, ওবিসি ৮৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। অপারেটর এক্সক্যাভেটিং মেশিনারি (অর্ডিনারি গ্রেড): ২০৭টি (সাধারণ ১৩৫, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রিশিয়ান: ৭৯টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৯, ওবিসি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

নিয়মানুসারে প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bro.gov.in

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিগোয় ট্রেনি কেবিন অ্যাটেন্ড্যান্ট

## বাগডোগরা, কালিম্পং, দার্জিলিংয়ে ইন্টারভিউ ২০, ২১, ২২ এপ্রিল

পশ্চিমবঙ্গ থেকে ইনফ্লাইট সার্ভিস বিভাগে ট্রেনি কেবিন অ্যাটেন্ড্যান্ট (ট্রেনি কেবিন ক্রু) নিচ্ছে বিমান সংস্থা ইন্ডিগো। বাগডোগরা, কালিম্পং ও দার্জিলিংয়ে যথাক্রমে ২০, ২১ ও ২২ এপ্রিল, ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। অন্তত উচ্চ মাধ্যমিক পাশ মহিলারা ইন্টারভিউয়ে অংশগ্রহণ করতে পারবেন। ফ্রেশাররাও আবেদনের যোগ্য। কাজ ও দায়িত্ব সম্পর্কে প্রাথমিক ধারণা থাকতে হবে। প্রার্থীর ভারতীয় পাসপোর্ট থাকতে হবে। এ রাজ্যের যে-কোনও অঞ্চলের প্রার্থীরাই আবেদন করতে পারেন।

প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। দৈহিক উচ্চতা হতে হবে অন্তত ১৫৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। সপ্রতিভ ব্যক্তিত্বের অধিকারী হতে হবে। ইংরেজি ও হিন্দি বলতে পারলে চাকরি পেতে সুবিধা হবে।

**ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা ও সূচি:**

বাগডোগরা: সিঙ্গালিলা ক্লাব, উত্তরা টাউনশিপ, মেন রোড, শিলিগুড়ি, রুপসিং, পিন-৭৩৪ ০১৩। ইন্টারভিউ ২০ এপ্রিল, বেলা সাড়ে ১০টা থেকে দেড়টা।

কালিম্পং: মেফেয়ার হিমালয়ান স্পা রিসর্ট, আপার কার্ট রোড, কালিম্পং খাসমহল, কালিম্পং-৭৩৪ ৩০১। ইন্টারভিউ ২১ এপ্রিল, সকাল ৯টা থেকে বেলা ১২টা।

দার্জিলিং: রামাদা বাই উইনধাম, অকল্যান্ড ভিলা, ২-৩, গান্ধী রোড (ক্যাপিটাল টাওয়ারের কাছে), লিম্বুগাঁও, দার্জিলিং-৭৩৪ ১০১। ইন্টারভিউ ২২ এপ্রিল, সকাল ৯টা থেকে বেলা ১২টা।

আগে অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.goindigo.in/careers/hiringevents/ তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.goindigo.in

# নর্দার্ন কোলফিল্ডসে ৫৬১

*প্রথম পাতার পর*

৩)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ডোজার অপারেটর:** ৫২টি (সাধারণ ২২, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ২, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ক্রেন অপারেটর:** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **পে লোডার অপারেটর:** ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **সারফেস মাইনর অপারেটর:** ৪৩টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ, ওবিসিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর সহ মাধ্যমিক বা সমতুল পাশ। সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিক্যল বা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকতে হবে। **বেতন:** দৈনিক ১,৫০২.৬৬ টাকা।

**প্যারামেডিক্যাল স্টাফ: স্টাফ নার্স (ট্রেনি):** ৪৭টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। সঙ্গে বি এসসি নার্সিং বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। **মূল বেতন:** মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

**টেকনিশিয়ান (প্যাথোলজিক্যাল) (ট্রেনি):** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** প্যাথোলজিতে ডিপ্লোমা। **মূল বেতন:** মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

**ওভারসিয়ার (সিভিল):** ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **মূল বেতন:** মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

**বয়স:** ১-৫-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক টেস্টের মাধ্যমে। নম্বর ১০০। সময় দেড় ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nclcil.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আসাম রাইফেলসে ১০৪

*প্রথম পাতার পর*

জেনারেল ডিউটি এবং হাবিলদার ক্লার্ক পদের জন্য আবেদন করবেন। প্রার্থী বাছাই করা হবে র‍্যালির মাধ্যমে। র‍্যালি আয়োজিত হবে জুলাই-অগস্ট মাসে অসমের লোখরায়।

**শূন্যপদের বিবরণ: রাইফেলম্যান/রাইফেল উওম্যান জেনারেল ডিউটি:** শূন্যপদ ৯৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

**ওয়ারেন্ট অফিসার সাইফার:** শূন্যপদ ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে রেডিয়ো অ্যান্ড টেলিভিশন বা ইলেক্ট্রনিক্সে ২ বছরের আইটিআই কোর্স পাশ। অথবা ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজিতে ব্যাচেলর্স ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**হাবিলদার ক্লার্ক:** শূন্যপদ ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ অথবা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই ১-১-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

**দৈহিক মাপজোক:** রাইফেলম্যান জেনারেল ডিউটি পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলাগুলির তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলাগুলির তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি, গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি)।

ওয়ারেন্ট অফিসার পদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি এবং গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ সেমি ও ৮৩ সেমি)।

হাবিলদার ক্লার্ক পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৫ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খাদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)।

শর্তসাপেক্ষে বয়স, উচ্চতা, বুকের ছাতির মাপ ও ওজনে প্রার্থীরা বিশেষ ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও কম্পিউটার স্কিল টেস্টের মাধ্যমে। রাইফেলম্যান/রাইফেল উওম্যান জেনারেল ডিউটি পদের ক্ষেত্রে কম্পিউটার স্কিল টেস্ট থাকবে না। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ১২ মিনিটে ২.৪ কিলোমিটার দৌড়, মহিলাদের ক্ষেত্রে সাড়ে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়। ৩০ বছরের ঊর্ধ্বের প্রার্থীরা অতিরিক্ত সময় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓আধার কার্ড বা প্যান কার্ড বা ভোটার কার্ড বা ড্রাইভিং লাইসেন্সের নকল।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR COMPASSIONATE GROUND APPOINTMENT'

১১ মে-র মধ্যে স্পিড পোস্টে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Directorate General Assam Rifles (Recruitment Branch), Laitkor, Shillong, Meghalaya-793010. অথবা ই-মেল করতে পারেন এই আইডি-তে: rectbrdgar@gmail.com

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.assamrifles.gov.in

**TECHNO INDIA™ GROUP**
SALT LAKE, SECTOR V, KOLKATA, INDIA

**TECHNO INDIA UNIVERSITY**
SALT LAKE, SECTOR V, KOLKATA, INDIA

**AFFILIATIONS & ACCREDITATIONS**

**Over the past 41 years, Techno India Group has built a global alumni base of over one million Engineers & Professionals, with salaries ranging from INR 4 lakhs to INR 2 crores annually**



# TNJEE 2026

**(TECHNO NATIONAL JOINT ENTRANCE EXAMINATION)**

**APPLY** www.technoindiauniversity.ac.in, www.tnjee.in

School of the **FUTURE** techno india university WEST BENGAL

ADMISSION HELPINE
**08062642222**
www.technoindiauniversity.ai
Admission office - EM4, Sec V (Main Campus), Ground Floor

**COURSES IN COLLABORATION WITH Google Cloud**
B.Tech CSE • CSE AI-ML • CSE Data Science • CSE Cloud Computing.

**COURSES IN COLLABORATION WITH IBM**
• BCA(H) in Data Science & AI • BBA (H) in Business Analytics in AI • B.Sc(H) in Data Analytics & AI • B.Sc (H) in Cybersecurity & AI • MCA in AI • MBA in AI • Ph.D in AI
(For Students & Working Professional)

## ADMISSION HELPINE 9836544417, 9831817308, 9836544416

### ENGINEERING
**3 yrs. Diploma Engg. & 6 yrs. B.Tech (after Class X) | 4 Yrs. B.Tech | B.Tech (H) B.Tech (Lat) | M.Tech | Ph.D**
Computer Science & Engg. (CSE) • Computer Sc & Engg. -Artificial Intelligence & Machine Learning (CSE-AI/ML) • Computer Sc. & Engg. - IOT • Electronics & Computer Sc. Engg. (ECS) • Bio Medical Engineering (BME) • Bio Technology (BT) • Civil Engineering (CE) • Electrical Engineering (EE) • Electronics & Comm. Engg. (ECE) • Electronics & Inst. Engineering (EIE) Mechanical Engineering (ME) • Information Technology (IT) • Computer Sc. & Business Sys. (CSBS) **In collaboration with TCS**

### LAW
BBA(H)+LLB | BA(H)+LLB
B.Com+LLB | LLB (After Graduation)
LLM | Ph.D

### SCIENCE
**B.Sc(H) | Dual B.Sc - M.Sc | M.Sc | Dual M.Sc - Ph.D | Ph.D**
Bio-Technology • Mathematics • Psychology (Clinical) • Economics • Data Science • Agriculture • Earth Science • Physics • M.Sc Geospatial Science, Geoinformatics, Oceanography

### DESIGN
B.Des/M.Des • Game Art & Design • Fashion Design • Interior Design • Visual Comm. & Digital Design • Advertising & Digital Communication
7596040603

### PHARMACY
D.Pharm, B.Pharm, M.Pharm, Ph.D

### BUSINESS SCHOOL
BBA (H) | MBA | MBA for Working Professionals | Dual MBA - Ph.D Ph.D Finance •HR • Hotel / Hospital Management • Digital Marketing • Economic Management & Finance Services • Marketing • System • ASMI Business School - Global MBA with International Study Tour (Entrepreneurship, Family Business, Travel & Toursim)

### ALLIED HEALTH SCIENCE
BPT | MPT | BMLT | MMLT | BMRIT | B.Sc (H) | BAMS (Ayurvedic - Equivalent to MBBS) | MLTT Cardiovascular Technology • Operation Theatre Technology • Respiratory Technology 8697718304

### ARCHITECTURE
B.Arch | M.Arch | Ph.D

### MEDIA & FILM MAKING
B.Sc - Media Science, Game Development, Sound Engineering, Film Making, Visual Effects & Animation, Multimedia

### HUMANITIES
B.A(H), Dual B.A - M.A, M.A, Dual M.A - Ph.D, Ph.D
English • Psychology • Economics • Business English

### NURSING
GNM (3years), B.Sc Nursing (4years), Post Basic Nursing (2years)

### Colleges Under MAKAUT
WBJEE | JEE MAIN | 10% MQ
ADMISSION HELPLINE: 9836544418, 9831817308, 9836544419

### ENGINEERING
CSE | IT | ECE | CSE -AI/ML | CSE - Data Science CSE - IoT | CSE - Cybersecurity | EE | EIE | ECS | ME | Civil | Food Tech | Biotechnology | CSBS **In collaboration with TCS**
*B.Tech | B.Tech (L) | M.Tech

### MANAGEMENT
BBA(H), MBA, MHA - HR, Marketing, Finance, Business Analytics, Hospital Management, Entrepreneurship
9831817308

### COMPUTER APPLICATION
BCA(H) - AI, Data Science
MCA (2Years)
9831817308

## CENTRALIZED ADMISSION CELL :
(1) TECHNO INDIA GROUP, EM4, SECTOR V, SALT LAKE (GROUND FLOOR & 2ND FLOOR)
(2) CHINGRIHATA ON EM BYPASS, NEAR LEATHER TECHNOLOGY CAMPUS (3) TECHNO INDIA (OFFBEAT CCU) - ON EM BYPASS, OPPOSITE OF TRINAMOOL BHAWAN, KOLKATA

technoindiagroup.com | technoindiauniversity.ai | technoindiauniversity.ac.in

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১৩ মার্চ-২৪ মার্চ

**১৩ মার্চ** চলতি বছরে অগস্টে আয়োজিত হকি বিশ্বকাপে নিজেদের জায়গা নিশ্চিত করল ভারতীয় মহিলা হকি দল। এদিন হায়দরাবাদে ইটালিকে ১-০ হারিয়ে যোগ্যতা অর্জন পর্বের প্রতিযোগিতার ফাইনালে উঠল ভারত। ফাইনালে ওঠার ফলেই বিশ্বকাপে খেলার যোগ্যতা পাকা হয়ে যায় ভারতীয় দলের।

## ইরানের খার্গ দ্বীপে হামলা আমেরিকার, পাল্টা জবাবও



১৪ মার্চ: পশ্চিম এশিয়ার যুদ্ধের এক পক্ষকাল পরে দু-পক্ষেরই হামলার নজর কেন্দ্রীভূত হল উভয় দিকের খনিজ তেলের শোধনাগার এবং তেল ভাণ্ডারগুলির দিকে। এদিন ইরানের খার্গ দ্বীপে বড়সড় হামলা চালায় আমেরিকা। ওই দ্বীপের সেনা পরিকাঠামোকে নিশানা করা হয়েছে বলে মার্কিন সেনা দাবি করলেও ইরানের অভিযোগ দ্বীপের তেল ভাণ্ডারে হামলা চালানো হয়েছে। ইরান পাল্টা হুঁশিয়ারি দিয়ে বলেছে, ফের তেলকেন্দ্রে হামলা হলে, পশ্চিম এশিয়ায় আমেরিকার পূর্ণ কিংবা আংশিক মালিকানায় থাকা প্রতিটি তৈল কেন্দ্রকে ধ্বংস করা হবে। ইরানের খার্গ দ্বীপে হামলা চালানোর কয়েক ঘণ্টার মধ্যেই সংযুক্ত আরব আমিরশাহির উপকূলীয় শহর ফুজাইরাহতে তেল শোধনাগারে হামলা চালায় তেহরান। অন্যদিকে, হরমুজ প্রণালী দিয়ে ভারতের পতাকাবাহী এলপিজি বহনকারী কিছু জাহাজ যেতে অনুমতি দিয়েছে ইরান। কয়েকদিন আগেই ভারতে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মহম্মদ ফাতালি জানিয়েছেন, হরমুজ দিয়ে ভারতের জাহাজ নিরাপদে যাওয়ার জন্য পথ করে দেবে ইরান।

**১৪ মার্চ** নির্বাচনে জিতে সরকার গড়ার পর বাংলাদেশে বিভেদ-বিভাজনের বিরুদ্ধে বার্তা দিলেন সেদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। ঢাকার একটি অনুষ্ঠানে তিনি বলেন, 'কেউ যেন আমাদের মধ্যে বিভেদ-বিরোধ সৃষ্টি না করতে পারে। মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, বিশ্বাসী, অবিশ্বাসী কিংবা সংসয়বাদী— আমরা সবাই মিলে ভালো থাকব।' তিনি আরও বলেন, 'নাগরিক হিসেবে যদি নিজ নিজ অবস্থান থেকে রাষ্ট্র ও সমাজের প্রতি দায়িত্ব সঠিকভাবে পালন করি, আশা করছি, ১০ বছরে রাজনৈতিক ও অর্থনৈতিক ভাবে আমরা স্বনির্ভর বাংলাদেশ দেখতে পাব।'

**আমেরিকায় ট্রাম্প প্রশাসনের ধর্মীয় স্বাধীনতা কমিটি থেকে ইস্তফা দিলেন** একমাত্র মুসলিম মহিলা প্রতিনিধি সমীরা মুন্সি। এক বিবৃতিতে তিনি জানিয়েছেন, ইরানের উপরে আমেরিকার হামলার প্রতিবাদেই তাঁর এই পদত্যাগ। তাঁর বক্তব্য, দেশের ভিতরে ও বাইরে বিদ্বেষমূলক রাজনীতি করছেন প্রেসিডেন্ট ট্রাম্প। সংবিধান বহির্ভূতভাবে ইরানের উপরে আক্রমণ চালিয়েছেন। সামরিক আগ্রাসনে বহু সাধারণ নাগরিক ও শিশুর মৃত্যু হয়েছে।

## ৯৮তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস



১৬ মার্চ: ৯৮তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস (অস্কার) প্রদান করা হল লস অ্যাঞ্জেলেসে। ১৩টি বিভাগে মনোনয়ন পাওয়া 'ওয়ান ব্যাটল আফটার অ্যানাদার' সেরা ছবি, সেরা পরিচালক (পল থমাস অ্যান্ডারসন)-সহ মোট ছ'টি অস্কার জিতল। এই ছবির জন্য সেরা সহ অভিনেতার পুরস্কার পেয়েছেন শন পেন। ১৬টি বিভাগে সর্বোচ্চ মনোনয়ন পাওয়া 'সিনার্স' চারটি বিভাগে অস্কার পেয়েছে। এই ভ্যাম্পায়ার ড্রামার জন্য সেরা অভিনেতার পুরস্কার জিতলেন মাইকেল বি জর্ডন। 'সিনার্স'-এর জন্য সেরা অরিজিন্যাল স্ক্রিনপ্লের পুরস্কার পেলেন পরিচালক রায়ান কুগলার। ক্লোয়ি ঝাও-এর 'হ্যামনেট'-এ অভিনয়ের জন্য গোল্ডেন গ্লোব ও বাফটার পর এবার সেরা অভিনেত্রীর অস্কার জিতলেন জেমি বাকলে। এই প্রথম কোনও আইরিশ অভিনেত্রী এই সম্মান পেলেন। অস্কারে সেরা অরিজিন্যাল সং-এর পুরস্কার পেল 'গোল্ডেন', 'কে পপ ডিমন হান্টার্স' ছবির জন্য।

> **"আমরা ক্রমাগত বলে এসেছি, চলমান সংঘাত দ্রুত অবসানের জন্য কূটনীতি এবং আলোচনা অপরিহার্য। এই সংঘাতের কারণে ইতিমধ্যেই মানুষকে অনেক দুর্ভোগ পোহাতে হয়েছে। বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহ এবং বাণিজ্য ব্যাহত হয়েছে। আমরা আশা করি, হরমুজ প্রণালীতে নৌচলাচলের অবাধ স্বাধীনতা এবং বিশ্বব্যাপী বাণিজ্যের প্রবাহ বজায় থাকবে।"**
>
> **ভারতের বিদেশ মন্ত্রক**
>
> আমেরিকা-ইজরায়েল এবং ইরানের মধ্যে আপাতত দু-সপ্তাহের যুদ্ধবিরতিকে স্বাগত জানিয়ে

**জাতীয় নিরাপত্তা আইনে আটক** পরিবেশ আন্দোলনকারী সোনম ওয়াংচুককে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। পৃথক রাজ্যের দাবিতে লাদাখে হওয়া বিক্ষোভে মদত দেওয়ার অভিযোগে ওয়াংচুককে আটক করে কেন্দ্র। গতবছরের সেপ্টেম্বর মাসে দু'দিনের ওই হিংসার ঘটনায় লাদাখে ৪ জনের মৃত্যু হয়েছিল, আহত হন ৫০ জন। ওয়াংচুককে মুক্ত করার সিদ্ধান্ত নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রকের দেওয়া বিবৃতিতে বলা হয়েছে, 'লাদাখে সব পক্ষের সঙ্গে আলোচনা করার জন্য শান্তি, স্থিতিশীলতা ও পারস্পরিক বিশ্বাসের পরিবেশ বজায় রাখতে দায়বদ্ধ কেন্দ্র। সেই উদ্দেশ্য নিয়েই সোনম ওয়াংচুককে আটক না রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।'

**১৫ মার্চ** জাতীয় নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ, কেরল, তামিলনাড়ু, আসাম ও কেন্দ্রশাসিত পুদুচেরির ভোট ঘোষণা করল। পশ্চিমবঙ্গে ভোট হতে চলেছে দু-দফায়— ২৩ ও ২৯ এপ্রিল। আসাম, কেরল ও পুদুচেরিতে ৯ এপ্রিল, তামিলনাড়ুতে ২৩ এপ্রিল একদফায় ভোট হতে চলেছে। অন্যদিকে, ভোট ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যে পশ্চিমবঙ্গের মুখ্যসচিব ও স্বরাষ্ট্রসচিবকে অপসারিত করেছে জাতীয় নির্বাচন কমিশন।

**১৬ দিন অতীত ইরান-আমেরিকা-**ইজরায়েল যুদ্ধে বিভিন্ন সূত্রের দাবি অনুযায়ী দু'হাজার মানুষের মৃত্যু হয়েছে। অধিকাংশ মৃত্যুই হয়েছে ইরানে। তেহরান দাবি করেছে, আমেরিকা এবং তাদের সহযোগী দেশগুলির হামলায় তাদের দুশোরও বেশি শিশু মারা গিয়েছে। শিল্পাঞ্চলেও মারা গিয়েছেন অনেকে। এদিনও ইরানের খার্গ দ্বীপে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে আমেরিকা। যে দ্বীপটি ইরানের জ্বালানি তালুক নামে পরিচিত। ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, 'খাগদ্বীপে হামলা চালানো হয়েছে আমিরশাহির দু'টি জায়গা থেকে। আমরা আত্মরক্ষার চেষ্টা করছি।'

**১৬ মার্চ** সাহিত্য অকাদেমি কর্তৃপক্ষের পক্ষ থেকে বাংলা-সহ ২৪টি ভাষায় পুরস্কার ঘোষণা করা হল। বাংলায় ২০২৫ সালের সাহিত্য অকাদেমি পেলেন কবি প্রসূন বন্দ্যোপাধ্যায়। তাঁর 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থটির জন্য এই সম্মান পেলেন। ইংরেজি ভাষার জন্য এই পুরস্কার পেয়েছেন প্রাক্তন কূটনীতিক নভতেজ সারনা। 'ক্রিমসন স্প্রিং' উপন্যাসের জন্য এই পুরস্কার পেলেন তিনি।

**রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু** অধিকারীকে জোড়া কেন্দ্রে প্রার্থী করার সিদ্ধান্ত নিল বিজেপি। একই সঙ্গে, তিনি তাঁর বর্তমান কেন্দ্র নন্দীগ্রাম ও কলকাতার ভবানীপুর থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। অন্যান্য উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ খড়্গপুর সদর, রুদ্রনীল ঘোষ শিবপুর, শঙ্কর ঘোষ শিলিগুড়ি, সজল ঘোষ বরাহনগর, অগ্নিমিত্রা পাল আসানসোল দক্ষিণ থেকে লড়বেন।

**১৭ মার্চ** তেহরান এবং তার পার্শ্ববর্তী এলাকায় লাগাতার ক্ষেপণাস্ত্র বর্ষণে ইরানের ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সচিব আলি লারিজানি নিহত হলেন। অন্যদিকে ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের সমালোচনা করে আমেরিকার কাউন্টারটেররিজম সেন্টারের ডিরেক্টর জোসেফ কেন্ট ইস্তফা দিলেন। পদত্যাগপত্রে তিনি মন্তব্য করেছেন ইরান কোনওভাবেই আমেরিকার আশঙ্কার কারণ ছিল না। ইজরায়েলের চাপে যুদ্ধের রাস্তায় গিয়েছে আমেরিকা। যুদ্ধ শুরুর পরে এই মাপের পদাধিকারীর ইস্তফা এই প্রথম। পদত্যাগপত্রে কেন্ট আরও দাবি করেছেন, যুদ্ধে জড়িয়ে আমেরিকার সম্পদ কীভাবে নষ্ট হচ্ছে ট্রাম্প প্রথমে তা বুঝলেও পরে অন্যরকম পদক্ষেপ করছেন।

## নিজের রেকর্ডই ফের ভাঙলেন কিংবদন্তি ডুপ্লান্টিস



১৪ মার্চ: সুইডেনের কিংবদন্তি পোলভল্টার আর্মান্দ ডুপ্লান্টিস ফের নিজেরই গড়া বিশ্বরেকর্ড ভাঙলেন ৬.৩১ মিটার লাফিয়ে। দু-বারের অলিম্পিক্স সোনাজয়ী এই নজির গড়লেন নিজেরই দেশে আয়োজিত প্রতিযোগিতায়। সুইডিশ তারকার আগে এই বিশ্বরেকর্ড ছিল ফ্রান্সের রেনঁ লাভিলনি-র। তিনি ২০১৪ সালে বিশ্বরেকর্ড গড়েছিলেন ৬.১৬ মিটার লাফিয়ে। ডুপ্লান্টিস রেনঁর বিশ্বরেকর্ড ভাঙেন ২০২০ সালের ফেব্রুয়ারিতে।

## আফগানিস্তানের হাসপাতালে পাক বায়ুসেনার হামলায় নিহত ৪০০



১৭ মার্চ: পাকিস্তানের বায়ুসেনা আফগানিস্তানের একটি হাসপাতালে হামলা চালানোয় ৪০০ জন নিহত হলেন। ঘটনার তীব্র নিন্দা করে তালিবান প্রশাসন জানিয়েছে, পাকিস্তান যেভাবে হামলা চালিয়েছে, তার প্রতিশোধ নেবে কাবুল। পাকিস্তানের অবশ্য দাবি তাদের সেনা কাবুলের কোনও হাসপাতালে হামলা চালায়নি। তালিবানের পাশে দাঁড়িয়ে ঘটনার তীব্র নিন্দা করেছে ভারতও। বিদেশমন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, পাকিস্তান যা করেছে, তা এক নৃশংস গণহত্যা। সেই গণহত্যাকে 'সামরিক অভিযান' বলে চালানোর চেষ্টা করছে তারা। কিন্তু যে হামলায় এতজন সাধারণ নাগরিকের মৃত্যু হয় সেটিকে কোনও যুক্তিতেই 'সামরিক নিশানা' বলে দেখানো যায় না।

**আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যের** ২৯১ আসনে প্রার্থীর নাম ঘোষণা করলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রার্থী তালিকায় ৭৪ বিধায়কের জায়গায় নির্বাচনে নতুন মুখ আনলেন মমতা। অন্তত ১৫ জনের কেন্দ্রও বদলে দেওয়া হয়েছে। প্রার্থী তালিকা ঘোষণা করে মমতা বলেন, 'সব নির্বাচনে কিছু কিছু নতুন আনতে হয়। পুরনোদের কাজে লাগাতে হয়।'

**১৮ মার্চ** ইরানের সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদের সচিব আলি লারিজানি ও তাঁর ছেলের নিহত হওয়ার খবর নিশ্চিত করল ইরান। সেদেশের সামরিক ও রাজনৈতিক নেতৃত্বের মধ্যে কার্যত সেতুর কাজ করতেন ৬৭ বছর বয়সি লারিজানি। আমেরিকা ও ইজরায়েলের সাম্প্রতিক হামলার পরে ইরানের প্রত্যাঘাতের রণকৌশল নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন তিনি। তবে ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, 'আমেরিকা ও ইজরায়েল বুঝতে পারছে না, ইরানের সরকার কোনও ব্যক্তিবিশেষের উপর নির্ভরশীল নয়। একজনের অনুপস্থিতি ইরানের রাজনৈতিক ও অর্থনৈতিক কাঠামোয় কোনও প্রভাব ফেলবে না।'

**১৯ মার্চ** আসন্ন ফুটবল বিশ্বকাপ বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার করল ইরানের ফুটবল সংস্থা। তবে আমেরিকার বদলে নিজেদের সব ম্যাচ মেক্সিকোয় খেলার দাবি করেছে তারা। ইতিমধ্যেই ফিফার সঙ্গে ইরানের আলোচনা শুরু হয়েছে বলে জানা গিয়েছে। ইরানের ক্রীড়ামন্ত্রীর কাপ বয়কটের ঘোষণার পর মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পও সমাজমাধ্যমে লেখেন, 'ইরানের ফুটবলারদের নিরাপত্তার কথা ভেবেই বলছি, এই সময়ে বিশ্বকাপ খেলতে আসা ঠিক হবে না ওদের পক্ষে।' ট্রাম্পের এই প্রচ্ছন্ন হুমকির পরই আবার অবস্থান বদলের ইঙ্গিত দেয় ইরান। তারা জানায় বিশ্বকাপে ইরান খেলবে কিনা, সেটা মার্কিন প্রেসিডেন্ট ঠিক করার কেউ নন।

## বিসিসিআইয়ের বার্ষিক পুরস্কার, জীবনকৃতি দ্রাবিড়, বিনি ও মিতালি রাজকে



১৫ মার্চ: নয়াদিল্লিতে ভারতীয় ক্রিকেট বোর্ডের বার্ষিক পুরস্কার প্রদান করা হল। এবছর বোর্ডের জীবনকৃতি পুরস্কার পেলেন প্রাক্তন ভারত অধিনায়ক রাহুল দ্রাবিড়, ১৯৮৩ সালের বিশ্বকাপ জয়ী দলের সদস্য রজার বিনি এবং ভারতের মহিলা ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক মিতালি রাজ। সেরা আন্তর্জাতিক ক্রিকেটার হয়েছেন শুভমন গিল (পুরুষ), স্মৃতি মন্ধানা (মহিলা)। সেরা আন্তর্জাতিক অভিষেক বিভাগে পুরস্কৃত হয়েছেন হর্ষিত রানা (পুরুষ), এন শ্রী চরণী (মহিলা)। বছরে সর্বাধিক রান শিকারি (ওয়ান ডে) হয়েছেন স্মৃতি মন্ধানা। বছরের সর্বাধিক উইকেটশিকারি হয়েছেন দীপ্তি শর্মা। রঞ্জি ট্রফিতে সর্বাধিক রান শিকারি (এলিট গ্রুপ)হয়েছেন ওয়াই ভি রাঠৌর (বিদর্ভ)। রঞ্জি ট্রফিতে সর্বাধিক উইকেট শিকারি হয়েছেন হর্ষ দুবে (বিদর্ভ)।

এরপর আটের পাতায়


FASHION FACTORY
BRANDS FOR LESS
SCAN FOR DETAILS AND T&C
GIVE A MISSED CALL FOR MORE INFO
9321661199
OLD IS GOLD
UNBRANDED TO BRANDED
EXCHANGE
Festival
4ঠা মে পর্যন্ত
পুরানো প্রোডাক্টের এক্সচেঞ্জ মূল্য + নতুন প্রোডাক্টের উপরে ডিসকাউন্ট
DENIM
EXCHANGE VALUE FOR OLD ₹500 + UPTO 50% OFF ON NEW
FOOTWEAR
EXCHANGE VALUE FOR OLD ₹300 + UPTO 50% OFF ON NEW
TROUSERS
EXCHANGE VALUE FOR OLD ₹300 + UPTO 50% OFF ON NEW
SHIRTS
EXCHANGE VALUE FOR OLD ₹200 + UPTO 50% OFF ON NEW
Lee Cooper
VAN HEUSEN
spykar
Lee
Pepe Jeans LONDON
KILLER
intribe
SKECHERS
Wrangler
JOHN PLAYERS
PUMA
LOUIS PHILIPPE
indi bee
T&C Apply. Offer not valid on the Grab Deal, PDA & Red Zone Offers or apparel. No two offers or exchange vouchers can be clubbed together.
কোলকাতায় স্টোর: চিনার পার্ক, হলিডে ইন হোটেল-এর পাশে
লী রোড, ফোরাম মল-এর কাছে • বেলেঘাটা, সল্টলেক স্টেডিয়াম-এর বিপরীতে
বিটি রোড, প্রবর্তক জুট মিল বাস স্টপ-এর কাছে
স্টোর ম্যানেজার: 9332088232

# কারেন্ট অ্যাফেয়ার্স ②

**১৯ মার্চ** পশ্চিম এশিয়া জুড়ে যুদ্ধ-পরিস্থিতির মধ্যেই প্রকাশিত হল বিশ্বের সুখ-সমীক্ষা রিপোর্ট। এবারও সুখী দেশের তালিকায় শীর্ষে রয়েছে ফিনল্যান্ড। এই নিয়ে ন'বার তারা সেরার শিরোপা পেল। দ্বিতীয় হয়েছে আইসল্যান্ড। তৃতীয় স্থানে ডেনমার্ক। সবচেয়ে অসুখী দেশ আফগানিস্তান। তারা রয়েছে ১৪৭তম স্থানে। ১১৬তম স্থানে রয়েছে ভারত। গত দু-বছরে ভারতের হ্যাপিনেস ইনডেক্স কিছুটা বেড়েছে। ২০২৪-এ ভারতের স্থান ছিল ১২৬-এ। ২০২৫-এ সেটা উঠে আসে ১১৮তম স্থানে।

**উত্তর কোরিয়ায় ফের বিপুল ভোটে** জয়ী হলেন সেখানকার শাসক কিম জং উন। ৯৯.৯৩ শতাংশ ভোট পেয়ে জয়লাভ করেন তিনি। দেশটি বিরোধীশূন্য হওয়ায় ০.০৭ শতাংশ ভোট কোথায় গেল তা নিয়ে চর্চা শুরু হয়েছে।

**২০ মার্চ** পশ্চিম এশিয়ার যুদ্ধে জ্বালানি কেন্দ্রগুলিতে পরস্পরের হামলা জ্বালানির সঙ্কটকে আরও বাড়িয়ে তুলল। বিশ্ববাজারে অশোধিত তেল ব্রেন্ট ক্রুডের প্রতি ব্যারেলের দাম একদিন আগেই ১১৯ ডলার ছাড়ায়। এদিন সেই দাম দাঁড়ায় ১০৯.১ ডলার। ভারত যে 'বাস্কেট' থেকে তেল কেনে, (ইরাক, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরশাহি, কুয়েত এবং ওমান) তার দৈনিক দাম দাঁড়িয়েছে ব্যারেল-প্রতি ১৫৬.২৯ ডলার। নয়াদিল্লি কিছুদিন ধরেই তেলের দর ব্যারেল প্রতি দেড়শো ডলার পেরোনোর আশঙ্কা করছিল। উল্লেখ্য এই বাস্কেটের তেলের গড় দাম ফেব্রুয়ারিতে ছিল ব্যারেল-প্রতি ৬৯.০১ ডলার। মার্চে সেই গড় দামই পৌঁছেছে ১১৭.০৯ ডলারে।

**বাড়িতে খাবার সরবরাহকারী অ্যাপ** জ্যোমাটো তাদের প্ল্যাটফর্ম ফি আরও ২ টাকা বাড়াল। ফলে মাত্র আড়াই বছরের মধ্যে তা বাড়ল ৬৫০%। ২০২৩-এ ছিল ২ টাকা। এদিন তা বেড়ে হল ১৪.৯০ টাকা। উল্লেখ্য, প্ল্যাটফর্ম ফি হল ডিজিটাল প্ল্যাটফর্ম কিংবা অনলাইনে পরিষেবা প্রদানকারীর প্রযুক্তি, নেটওয়ার্ক কিংবা পরিষেবা ব্যবহার করার জন্য ধার্য ফি। যা তারা গ্রাহক বা ক্রেতার থেকে আদায় করে। অবশ্য অনলাইনে খাবার কিনলে ক্রেতার বাড়তি খরচ এখানেই শেষ নয়। ক্রেতাকে মেটাতে হয় ডেলিভারি পার্টনার ফি, প্ল্যাটফর্ম ফি এবং চারটি জিএসটি। খাদ্যপণ্য, প্যাকেজিং, ডেলিভারি পার্টনার এবং প্ল্যাটফর্ম ফি-র উপর আলাদা আলাদা করে জিএসটি দিতে হয়।

**বর্ণবিদ্বেষের অভিযোগে ইজরায়েল** ফুটবল সংস্থাকে প্রায় ১ লক্ষ ৪২ হাজার পাউন্ড (প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকা) জরিমানা করল ফিফা। ২০২৪ সালে ফিফার বৈঠকে প্যালেস্টাইন ফুটবল সংস্থা ইজরায়েলের বিরুদ্ধে বর্ণবিদ্বেষমূলক আচরণের অভিযোগ তুলেছিল। ফিফার শৃঙ্খলারক্ষা কমিটি তার তদন্ত করার পরে জরিমানা করা হয়। শুধু জরিমানাই নয়, তার সঙ্গে ইজরায়েল ফুটবল সংস্থাকে একটি ব্যানারও পরবর্তী তিনটি ঘরের মাঠের ম্যাচে দেখাতে হবে। যেখানে লেখা থাকবে, 'ফুটবল মানুষকে একত্রিত করে, বৈষম্য বাড়ায় না।'

**২১ মার্চ** আমেরিকার পশ্চিমাঞ্চলে ৫০০ বছরের রেকর্ড ভাঙল এদিনের তাপপ্রবাহ। ক্যালিফোর্নিয়া-অ্যারিজোনা রাজ্য সীমান্তের কাছাকাছি মরু অঞ্চলের চারটি জায়গায় তাপমাত্রা ছিল ৪৪.৪ ডিগ্রি সেলসিয়াস, যা মার্চ মাসে আমেরিকায় আগে কখনও অনুভূত হয়নি। ওয়েদার ডট কমের রিপোর্ট অনুযায়ী, অ্যারিজোনা ও ক্যালিফোর্নিয়া থেকে শুরু করে আইডাহো পর্যন্ত ৬৫টি শহরে ইতিমধ্যেই সর্বোচ্চ তাপমাত্রার প্রভাব লক্ষ্য করা গিয়েছে।

**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই)** প্রকাশিত তথ্য অনুযায়ী ১৩ মার্চ শেষ হওয়া সপ্তাহে দেশের বিদেশি মুদ্রার ভাণ্ডার ৭০৫.২ কোটি ডলার কমে গিয়েছে। তা কমে হয়েছে ৭০,৯৭৫.৯ কোটি ডলার। এই নিয়ে টানা দু-সপ্তাহ ধরে ভারতের বিদেশি মুদ্রার ভাণ্ডার কমল। এর আগে ২৭ ফেব্রুয়ারি শেষ হওয়া সপ্তাহে তা সর্বোচ্চ হয়ে পৌঁছেছিল ৭২,৮৪৯.৪ কোটি ডলারে।

**অশোধিত তেলের দাম, এলপিজি** থেকে প্রাকৃতিক গ্যাসের জোগান নিয়ে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে এই নিয়ে দ্বিতীয়বার কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ফোনালাপে মোদী সমুদ্রপথ খোলা ও নিরাপদ রাখার গুরুত্বের কথা বলেন। ভারতে ইরানের দূতাবাস জানিয়েছে, প্রেসিডেন্ট নরেন্দ্র মোদীকে বলেছেন, ইরান এই যুদ্ধ শুরু করেনি। আমেরিকা ও ইজরায়েল অযৌক্তিক হামলা করেছে। ভারত এখন ব্রিকস-এর প্রেসিডেন্ট। ইরানে বিদেশি আগ্রাসনের বিরুদ্ধে ব্রিকস-কে স্বাধীন অবস্থান নেওয়ার আর্জিও জানিয়েছেন পেজেশকিয়ান।

**২২ মার্চ** একটানা ৮৯৩১ দিন অর্থাৎ চব্বিশ বছরেরও বেশি সময় সরকারের শীর্ষপদে থেকে (প্রথমে মুখ্যমন্ত্রী ও পরে প্রধানমন্ত্রী) রেকর্ড গড়লেন নরেন্দ্র মোদী। সিকিমের প্রাক্তন মুখ্যমন্ত্রী পবন কুমার চামলিং-এর ৮৯৩০ দিনের রেকর্ড ভাঙলেন মোদী। ২০০১ সালের অক্টোবর মাসে গুজরাটের মুখ্যমন্ত্রী হন তিনি। প্রায় ১৩ বছর মুখ্যমন্ত্রী থাকার পরে ২০১৪ সালের লোকসভা নির্বাচনে জয়ের পরে তাঁকে প্রধানমন্ত্রী করে বিজেপি।

**২৩ মার্চ** কলম্বিয়ার আমাজন অঞ্চলে সামরিক বিমান ভেঙে পড়ে ১১০জন সেনার মৃত্যু হল। পেরু-কলম্বিয়া সীমান্তের কাছে একটি বিমানঘাঁটি থেকে বিমানটি উড়ছিল বলে জানাল সেদেশের সেনা। ওড়ার কিছুক্ষণ পরেই ভেঙে পড়ে বিমানটি। ঘটনার জেরে দেশের সামরিক বাহিনীর উপকরণের দ্রুত আধুনিকীকরণের উপরে জোর দিয়েছেন প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো। তাঁর দাবি, আমলাতন্ত্রের ফাঁসে সেনা পরিবহণকারী বিমান ও হেলিকপ্টারের আধুনিকীকরণের কাজ আটকে রয়েছে। ফলে বিপন্ন হচ্ছে তরুণ সেনাদের প্রাণ।

**এসআইআর-এর বিবেচনাধীন রাজ্যে** প্রথম অতিরিক্ত তালিকা (সাপ্লিমেন্টারি লিস্ট) প্রকাশিত হল। ২৮ ফেব্রুয়ারি যে চূড়ান্ত তালিকা প্রকাশ করে কমিশন, সেখানে ৬০ লক্ষের কিছু বেশি মানুষকে 'বিবেচনাধীন' আওতায় রাখা হয়েছিল। শীর্ষ আদালতের নির্দেশে কলকাতা হাইকোর্টের তত্ত্বাবধানে নথি ধরে তথ্য যাচাই চলছিল। শীর্ষ আদালতের নির্দেশ ছিল যেমন কাজ এগোবে, সেই মতো অতিরিক্ত তালিকা প্রকাশ করতে হবে। খবরে প্রকাশ এদিন পর্যন্ত ২৯ লক্ষের যোগ্যতা বিচারের কাজ শেষ হয়েছে। ২৯ লক্ষের মধ্যে কমবেশি ৪০ শতাংশ নাম বাদ গিয়েছে বলে খবরে প্রকাশ। তালিকায় যাদের নাম বাদ গেল তাঁরা কবে ট্রাইবুনালে যেতে পারবেন বা সবকিছু নিষ্পত্তি করে যোগ্য ভোটাররা এবারে ভোট দিতে পারবেন কিনা সে প্রশ্ন থেকেই গিয়েছে।

**২৪ মার্চ** বিরোধীদের প্রবল আপত্তির মধ্যেই সংসদে পাশ হল ট্রান্সজেন্ডার পার্সন (প্রোটেকশন রাইট) বা রূপান্তরকামী (অধিকারের সুরক্ষা) সংশোধিত আইনটি। এর ফলে আগামী দিনে কোনও ব্যক্তি নিজেকে স্বতঃপ্রণোদিত ভাবে রূপান্তরকামী ঘোষণা করতে পারবেন না। তাঁকে মেডিক্যাল বোর্ডের শংসাপত্র দাখিল করতে হবে। তবে বিলটি এখনও রাজ্যসভায় পাশ হওয়া বাকি রয়েছে। কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার মন্ত্রী বীরেন্দ্র কুমার জানান, মূলত জৈবিক কারণে যাঁরা বৈষম্যের শিকার তাঁদের সুরক্ষা দিতেই বিলটি আনা হয়েছে। কংগ্রেস, তৃণমূলের মতো বিরোধী দলগুলির সাংসদেরা মন্ত্রীর জবাবে, সন্তুষ্ট না হয়ে ওয়াক আউট করেন।

## দিয়েগো গার্সিয়ায় ক্ষেপণাস্ত্র ছুড়ল ইরান



**২১ মার্চ:** ইরানের বিরুদ্ধে যুদ্ধে তাঁরা জয়ের কাছাকাছি পৌঁছে গিয়েছেন, ডোনাল্ড ট্রাম্প এই দাবি করার কিছুক্ষণের মধ্যেই ভারত মহাসাগরের দিয়েগো গার্সিয়া দ্বীপে ক্ষেপণাস্ত্র ছুড়ল ইরান। ওই দ্বীপে আমেরিকা এবং ব্রিটেনের গুরুত্বপূর্ণ সামরিক ঘাঁটি রয়েছে। এর আগে ইরান সরকারিভাবে দাবি করত তাদের ক্ষেপণাস্ত্রের সর্বোচ্চ পাল্লা ২,০০০ কিলোমিটার। কিন্তু দিয়েগো গার্সিয়া ইরান থেকে ৪,০০০ কিলোমিটার দূরে। ইরানি ক্ষেপণাস্ত্রে মার্কিন সেনাঘাঁটির কোনও ক্ষতি হয়নি বলে দাবি করা হলেও ইরানের প্রতিরক্ষা বৃত্ত পশ্চিম এশিয়ার বাইরেও অনেক দূর বিস্তৃত— এটা প্রমাণিত হয়ে গিয়েছে। ইরানের পাল্টা হামলায় পশ্চিম এশিয়ায় চাপ বাড়লেও সেদেশের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান একইসঙ্গে প্রতিবেশী দেশগুলিকে মিত্রতার বার্তাও দিয়েছেন।

## প্রয়াত ডোরেমন স্রষ্টা



**১৯ মার্চ:** জনপ্রিয় অ্যানিমেশন চরিত্র ডোরেমনের স্রষ্টা সুতোমু শিবায়ামা (৮৪) ৬ মার্চ প্রয়াত হয়েছেন বলে এদিন জানা গেল। নবিতা, সিজুকার স্রষ্টার ইচ্ছানুসারেই তাঁর শেষকৃত্য গোপনে সারা হয়। যে সংস্থার ডিরেক্টর ও সিইও ছিলেন তিনি, সেই আজিয়া-দো অ্যানিমেশন ওয়ার্কসের পক্ষ থেকে এই মৃত্যু সংবাদ প্রকাশ্যে আনা হয়েছে। ২০ বছরেরও বেশি সময় ধরে টেলিভিশনের জন্য ডোরেমন সিরিজ পরিচালনা করেছেন শিবায়ামা।

## স্থায়ীভাবে পারমাণবিক শক্তি আরও বাড়ানো হবে: কিম




**২৪ মার্চ:** উত্তর কোরিয়ার একনায়ক কিম জং উন সেদেশের পার্লামেন্টে জানালেন, নীতিগত অগ্রাধিকার হিসেবে তাঁর দেশ স্থায়ীভাবে পারমাণবিক শক্তি বৃদ্ধি করবে। সেই সঙ্গে দক্ষিণ কোরিয়াকে তাঁদের সবচেয়ে বড় প্রতিপক্ষ রাষ্ট্র হিসেবে গণ্য করেছেন কিম। উত্তর কোরিয়ার সরকারি সংবাদমাধ্যম এই তথ্য প্রকাশ্যে এনেছে। সেদেশে নবগঠিত ১৫তম 'সুপ্রিম পিপলস অ্যাসেম্বলি'র প্রথম অধিবেশনের দ্বিতীয় ও শেষ দিনে ভাষণ দেন কিম। সেখানে তিনি জাতীয় ও আঞ্চলিক নিরাপত্তার ক্ষেত্রে কৌশলগত হুমকি মোকাবিলায় উত্তর কোরিয়ার প্রতিরক্ষামূলক পারমাণবিক প্রতিরোধ ব্যবস্থা আরও এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেন।

## ট্রাম্পের আলোচনার দাবি, খারিজ করল তেহরান



**২৩ মার্চ:** পশ্চিম এশিয়ার সংঘাতের আবহের মধ্যেই নিজের সমাজ মাধ্যম ট্রুথ সোশ্যালে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প জানালেন, ইরানের সঙ্গে তাঁর 'খুব ভালো' কথা হয়েছে। আপাতত পাঁচ দিন ইরানের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোতে হামলার সিদ্ধান্ত স্থগিত রাখবে আমেরিকা। সারা সপ্তাহ জুড়ে কথাবার্তা চালিয়ে যাওয়া হবে। ট্রাম্পের এই ঘোষণার পরই বিশ্বের তেলের বাজারে ইতিবাচক পরিবর্তন লক্ষ করা যায়। অশোধিত তেলের দাম অনেকটাই নেমে আসে। কিন্তু ট্রাম্পের ঘোষণার এক ঘণ্টার মধ্যেই ইরানের বিদেশমন্ত্রককে উদ্ধৃত করে সরকারি সংবাদ মাধ্যমে জানিয়ে দেওয়া হয়, এই ধরনের কোনও আলোচনাই হয়নি। সরাসরি তো নয়ই, তৃতীয় কোনও পক্ষের মাধ্যমেও নয়। ট্রাম্প যেমনই দাবি করুন না কেন এদিনও তেহরানের পার্শ্ববর্তী বিভিন্ন এলাকায় লাগাতার ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে গিয়েছে ইজরায়েল।

## ফ্রি-কিক থেকে গোল করে নতুন নজির মেসির



**২৩ মার্চ:** ফ্রি-কিক থেকে গোল করায় পেলেকে পেরোলেন মেসি। ফুটবলজীবনে ৯০১ গোল করার সঙ্গে সঙ্গে নতুন নজির গড়লেন তিনি। পেলে ফ্রি-কিক থেকে ৭০টি গোল করেছিলেন। মেসি ৭১তম গোলটি করে দখল করলেন দ্বিতীয় স্থান। এক নম্বরে রয়েছেন আর এক ব্রাজিলীয় কিংবদন্তি জুনিনহো। তিনি ফ্রি-কিক থেকে ৭৭টি গোল করেছিলেন। এদিন মেজর লিগ সকারে নিউ ইয়র্ক সিটির বিরুদ্ধে ইন্টার মায়ামির হয়ে গোলটি করেন মেসি। ক্লাব ও দেশের হয়ে সর্বাধিক গোলদাতার তালিকায় শীর্ষস্থানে আছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (৯৬৫)। দ্বিতীয় স্থানে রয়েছেন মেসি (৯০১)।

## সেনেগালের খেতাব কেড়ে দেওয়া হল মরক্কোকে



**১৮ মার্চ:** ফুটবলে আফ্রিকা কাপ অব নেশনসে নজিরবিহীনভাবে ফাইনালের দু-মাস পরে সেনেগালের খেতাব কেড়ে চ্যাম্পিয়ন ঘোষণা করা হল মরক্কোকে। ১৮ জানুয়ারি ফাইনালে গোলশূন্য ম্যাচের সংযুক্ত সময়ে পেনাল্টি পায় মরক্কো। প্রতিবাদে মাঠ ছেড়ে বেরিয়ে যান সেনেগালের অধিকাংশ ফুটবলার। প্রায় ১৭ মিনিট পরে ফেরেন তাঁরা। সেনেগালের গোলরক্ষক বাঁচিয়ে দেন পেনাল্টি। অতিরিক্ত সময়ের খেলায় পাপে গেইয়ের গোলে চাম্পিয়ন হয় সেনেগাল। বিষয়টি গড়ায় কনফেডারেশন অব আফ্রিকান ফুটবলের (সিএএফ) কাছে। আপিল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী সেনেগালকে ফাইনাল ম্যাচ পরিত্যাগকারী হিসেবে ঘোষণা করা হয়েছে।

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

(a) শত্রুজিৎ কাপুর (b) রাকেশ আস্তানা (c) সঞ্জয় অরোরা (d) নীনা সিং

165. কুম্ভলগড় বন্যপ্রাণী সংরক্ষণ কেন্দ্র কোন রাজ্যে অবস্থিত?

(a) উত্তর প্রদেশ (b) রাজস্থান (c) গুজরাট (d) মধ্যপ্রদেশ

166. ভারতের প্রথম নমো বুক ফেস্টিভ্যাল 2006 কোন শহরে অনুষ্ঠিত হল?

(a) ভোপাল (b) মুম্বই (c) আমেদাবাদ (d) নিউ দিল্লি

167. ভারত ইলেক্ট্রিসিটি সামিট 2026 কোথায় অনুষ্ঠিত হল?

(a) নিউ দিল্লি (b) হায়দ্রাবাদ (c) পুনে (d) সুরাট

168. কমলা জলবিদ্যুৎ প্রকল্প কোন শহরে অবস্থিত?

(a) হিমাচল প্রদেশ (b) উত্তরাখণ্ড (c) সিকিম (d) অরুণাচল প্রদেশ

169. সম্প্রতি অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ডের চেয়ারম্যান পদে কে নিযুক্ত হয়েছেন?

(a) অনিল কাকোদকর (b) দীনেশ কুমার শুক্লা (c) আর গ্রোভার (d) এ কে বালা সুব্রহ্মনিয়ান

170. সম্প্রতি প্রয়াত হয়েছেন অজিত পাওয়ার তিনি কোন রাজ্যের ডেপুটি চিফ মিনিস্টার ছিলেন?

(a) তামিলনাড়ু (b) বিহার (c) মহারাষ্ট্র (d) গুজরাট

171. সম্প্রতি খবরে আসা মেনিংগোকক্কাল সংক্রমণ কীসের দ্বারা হয়?

(a) ছত্রাক (b) প্রোটোজোয়া (c) ব্যাক্টেরিয়া (d) ভাইরাস

172. উত্তর প্রদেশের কোন শহর এক ঘণ্টায় সর্বোচ্চ চারা গাছ রোপনের জন্য গিনেস বুক রেকর্ডে নাম তুলেছে?

(a) বারাণসী (b) গোরখপুর (c) অযোধ্যা (d) সাহারানপুর

173. উপজাতিদের আর্ট ফেস্ট 2026 সম্প্রতি কোথায় অনুষ্ঠিত হল?

(a) বেঙ্গালুরু (b) হায়দ্রাবাদ (c) নিউ দিল্লি (d) চেন্নাই

174. সাম্প্রতিক খবরে আসা মুসা সিক্কিমেন্সিস নামক একটি জংলি কলার প্রজাতি ভারতের কোন অঞ্চলে পাওয়া গিয়েছে?

(a) পূর্বঘাট (b) পশ্চিমঘাট (c) ছোটনাগপুর মালভূমি (d) পূর্ব হিমালয় এবং উত্তর-পূর্ব ভারত

175. দেব্রিগড় বন্যপ্রাণী সংরক্ষণ কেন্দ্রে, 'ভারতীয় গৌর (বাইসন) উৎসব' বা ইন্ডিয়ান বাইসন ফেস্ট অনুষ্ঠিত হয়েছে। এটি কোন রাজ্যে অবস্থিত?

(a) ওড়িশা (b) কর্নাটক (c) মধ্যপ্রদেশ (d) মহারাষ্ট্র

176. যদি একটি নির্দিষ্ট কোডে DEFENCE কে বলা হয় CDEDMBD, তাহলে ওই একই কোডে NEED-কে কী লেখা হবে?

(a) MCDC (b) MDDC (c) ULDG (d) MCCD

177. যদি 1997 সালের 1 জানুয়ারি শুক্রবার হয় তাহলে 1998 সালের 1 জানুয়ারি কী বার হবে?

(a) শনিবার (b) শুক্রবার (c) রবিবার (d) কোনওটাই নয়

178. '?' চিহ্নিত স্থান কী বসবে?

| | | |
|---|---|---|
| 5 | 7 | 8 |
| 4 | 6 | 6 |
| 2 | 3 | ? |
| 10 | 14 | 12 |

(a) 3 (b) 2 (c) 4 (d) 61

179. যদি WRITE : JEVGR হয়, তাহলে WRONG : কী হবে?

(a) JEDAD (b) JEBAT (c) JECAT (d) JEDAT

180. প্রশ্নে প্রদত্ত সেটটির সঙ্গে কোন সেটটির মিল আছে?

প্রদত্ত সেট: (6, 12, 18)

(a) (30, 36, 42) (b) (4, 8, 14) (c) (6, 20, 26) (d) (12, 24, 36)

181. রুহি উত্তর দিকে 10 কিলোমিটার গেল। তারপর বাঁদিকে ঘুরে 4 কিলোমিটার গেল আবার ডানদিকে ঘুরে 5 কিলোমিটার গেল, এরপর ডানদিকে ঘুরে 4 কিলোমিটার গেল। তবে যাত্রা শুরুর স্থান থেকে কত দূরে আছে?

(a) 19 কিলোমিটার (b) 5 কিলোমিটার (c) 10 কিলোমিটার (d) 15 কিলোমিটার

182. যদি 25 : 36 হয়, তবে 216 : ?

(a) 180 (b) 318 (c) 125 (d) 206

183. সুদের হার 5% বৃদ্ধি পেলে 1000 টাকার কত বছরের সরল সুদ 80 টাকা বৃদ্ধি পাবে?

(a) $1\frac{2}{5}$ বছর (b) 10 বছর (c) $1\frac{3}{5}$ (d) 2 বছর

184. জল মিশ্রিত 10 লিটার লঘু সালফিউরিক অ্যাসিড দ্রবণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 4। ওই দ্রবণে আর কত অ্যাসিড মেশালে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 5 হবে?

(a) 4 লিটার (b) 5 লিটার (c) 3 লিটার (d) 2 লিটার

185. 5 টাকায় 12টি হিসেবে লজেন্স বিক্রি করলে 4% ক্ষতি হয়। 10 টাকায় ক'টি লজেন্স বিক্রি করলে 28% লাভ হবে?

(a) 9 (b) 28 (c) 18 (d) 12

186. $6x^2 + 6y^2 = 13xy$ হলে x : y = ?

(a) 3 : 5, 5 : 3 (b) 3 : 1, 1 : 3 (c) 1 : 2, 2 : 1 (d) 3 : 2, 2 : 3

187. যদি A ও B-এর মাসিক আয়ের অনুপাত 3 : 4 এবং মাসিক ব্যয়ের অনুপাত 4 : 5। যদি A-এর সঞ্চয় তার মাসিক আয়ের এক-চতুর্থাংশ হয়, তবে তাদের সঞ্চয়ের অনুপাত কত?

(a) 17 : 12 (b) 12 : 17 (c) 12 : 19 (d) 19 : 12

188. পরবর্তী সংখ্যাটি কী হবে?

1, 1, 2, 3, 5, ?, 13, 21

(a) 7 (b) 8 (c) 9 (d) 6

189. এক মা ও মেয়ের মোট বয়স 60 বছর। তাদের বয়সের পার্থক্য 30 বছর। মায়ের বয়স কত?

(a) 55 বছর (b) 40 বছর (c) 45 বছর (d) 50 বছর

190. যদি College : Student হয় তবে Hospital : ?

(a) Patient (b) Doctor (c) Treatment (d) Nurse


191. A ও B বিবাহিত, X ও Y হল ভাই, X হল A-এর ভাই। Y তবে B-এর কে হন?

(a) ভাই (b) জামাই (c) জামাইবাবু (d) শালাবাবু

192. যদি + মানে –, – মানে =; = মানে +, ÷ মানে >, × মানে < হয়, তবে 8 + 4 – ?

(a) 2 (b) 4 (c) 32 (d) 12

193. একটি ডাইসের দু'টি অবস্থান দেখানো হল যখন 4 উপরে আছে তখন নীচে কোন সংখ্যাটি থাকবে?




(a) 6 (b) 5 (c) 1 (d) 2

194. যদি একটি নির্দিষ্ট কোডে GECA-কে লেখা হয় 8642, তবে HFBD-কে কী লেখা হবে?

(a) 5379 (b) 9735 (c) 7953 (d) 7935

195. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের পার্থক্য 23 মিটার। যদি পরিসীমা 206 মিটার হয়, তবে ক্ষেত্রফল কত?

(a) 2520 বর্গমিটার (b) 1520 বর্গমিটার (c) 2420 বর্গমিটার (d) 2480 বর্গমিটার

196. কিছু অক্ষরের একটি কোড দেওয়া হল:

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| R | T | S | U | V | A | B | C | P | E |
| 8 | 5 | 2 | 0 | 6 | 7 | 9 | 1 | 3 | 4 |

531602 সংখ্যাটিকে উপরের কোডে কী লেখা হবে?

(a) TDVCUS (b) TDCVUS (c) CTDUVS (d) TCDUVS

197. যদি একটি ট্রেন 40 কিলোমিটার/ঘণ্টা গতিতে চলে তাহলে ট্রেনটি তার গন্তব্যস্থলে 11 মিনিট দেরীতে পৌঁছায়। কিন্তু যদি ট্রেনটি 50 কিলোমিটার/ঘণ্টা গতিতে চলে, তাহলে 5 মিনিট দেরিতে পৌঁছায়। যাত্রাপথটি সম্পূর্ণ করার সঠিক সময়টি হবে:

(a) 15 মিনিট (b) 19 মিনিট (c) 21 মিনিট (d) 13 মিনিট

198. একটি মেয়েদের সারিতে বৃন্দা ঠিক সারির মাঝে রয়েছে। বৃন্দার বাঁদিকে 6তম স্থানে আছে অমলা। বৃন্দার ডানদিকে 16তম স্থানে আছে রীতা। সারিতে কমপক্ষে কতজন মেয়ে আছে?


(a) 28 (b) 32 (c) 22 (d) 23

199. নীচের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 15 (b) 8 (c) 14 (d) 12

200. নিম্নলিখিত কোনটি তৃণভোজী প্রাণী, গোরু ও সিংহের মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

**উত্তর**

109(a), 110(b), 111(c), 112(c), 113(d), 114(c), 115(d), 116(d), 117(a), 118(d), 119(c), 120(b), 121(c), 122(d), 123(d), 124(c), 125(d), 126(b), 127(a), 128(a), 129(c), 130(b), 131(d), 132(a), 133(b), 134(c), 135(b), 136(d), 137(b), 138(c), 139(a), 140(b), 141(b), 142(d), 143(d), 144(a), 145(d), 146(a), 147(d), 148(a), 149(a), 150(d), 151(c), 152(c), 153(c), 154(d), 155(c), 156(c), 157(c), 158(a), 159(b), 160(d), 161(d), 162(b), 163(d), 164(a), 165(b), 166(d), 167(a), 168(d), 169(d), 170(c), 171(a), 172(a), 173(c), 174(d), 175(a), 176(b), 177(a), 178(c), 179(b), 180(d), 181(d), 182(c), 183(d), 184(d), 185(c), 186(d), 187(c), 188(b), 189(c), 190(a), 191(d), 192(b), 193(d), 194(b), 195(a), 196(b), 197(b), 198(d), 199(c), 200(c).

**সমাধান**

176(b): D E F E N C E
↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1
C D E D M B D

একইভাবে, N E E D
↓–1 ↓–1 ↓–1 ↓–1
M D D C

178(c): $(5 \times 4) \div 2 = 20 \div 2 = 10$
$(7 \times 6) \div 3 = 42 \div 3 = 14$
$(8 \times 6) \div 4 = 48 \div 4 = 12.$

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

(a) 1259 (b) 125.9 (c) 12.59 (d) 1350

93. 6টি সংখ্যার গড় 30 এবং অপর 30টি সংখ্যার গড় 6। সংখ্যা সমূহের গড় নির্ণয় করুন:

(a) 10 (b) 9 (c) 8 (d) 7

94. $\frac{\sqrt{81}}{\sqrt{0.09}}$ -এর মান কত?

(a) 28 (b) 29 (c) 30 (d) 31

95. $(30)^2 - (20)^2 = 10x$ হলে x-এর মান নির্ণয় করুন:

(a) 35 (b) 40 (c) 45 (d) 50

96. 3 + 6 + 9 + ... + 75 এই শ্রেণীটির যোগফল কত হবে?

(a) 971 (b) 972 (c) 974 (d) 975

97. $\left[(64)^{2/3}\right]^{1/2} = ?$

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

98. $\frac{2}{3}, \frac{8}{15}, \frac{10}{21}$ -এর ল.সা.গু নির্ণয় করুন:

(a) $13\frac{1}{3}$ (b) $12\frac{1}{3}$ (c) $11\frac{1}{3}$ (d) $16\frac{1}{3}$

99. একটি চৌবাচ্চা একটি নল দ্বারা 15 মিনিটে পূর্ণ হয় এবং 20 মিনিটে খালি হয়। নল দু'টি একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি কতক্ষণ পরে পূর্ণ হবে?

(a) 4 ঘণ্টায় (b) 2 ঘণ্টায় (c) 1 ঘণ্টায় (d) 60 মিনিটে

100. যদি $\frac{a}{b} + \frac{b}{a} = 1, a \neq 0, b \neq 0$ হলে $a^3 + b^3$-এর মান কত?

(a) 0 (b) 1 (c) –1 (d) 2

**উত্তর**

61(d), 62(d), 63(a), 64(a), 65(c), 66(c), 67(d), 68(a), 69(b), 70(b), 71(d), 72(b), 73(a), 74(c), 75(a), 76(b), 77(a), 78(c), 79(d), 80(c), 81(c), 82(a), 83(b), 84(c), 85(a), 86(d), 87(b), 88(c), 89(a), 90(b), 91(d), 92(b), 93(a), 94(c), 95(d), 96(d), 97(d), 98(a), 99(c), 100(a).

**সমাধান**

46(d): L A L G A R H
↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5 ↓+6 ↓+7
M C O K F X O

অনুরূপে, A N D O L A N
↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5 ↓+6 ↓+7
B P G S Q G U

47(a): 37 + 32 – 1 = 69 – 1 = 68.

48(b): 2, 1, 4, 3, 5, 6

49(d): $3 \xrightarrow{+7} 10 \xrightarrow{+10} 20 \xrightarrow{+13} 33 \xrightarrow{+16} 49 \xrightarrow{+19} 68 \xrightarrow{+22} 90$

প্রতিক্ষেত্রে 3 করে বেড়েছে।

50(c): $212 \xrightarrow{-33} 179 \xrightarrow{-33} 146 \xrightarrow{-33} 113 \xrightarrow{-33} 80.$

51(b): বালা যেহেতু গোলাকার তাই বালার আকৃতি আয়তক্ষেত্রাকার হবে।

52(d) 4 – 9 ছাড়া সকল জোড়া প্রদত্ত সংখ্যা এবং তাদের বর্গফল দেওয়া হয়েছে।

53(d): PERMIT; শব্দটিতে I অক্ষরটি মূল শব্দে নেই।

54(b): a _a_ bbc _c_ aab _b_ cca _a_ bbcc.

∴ acba.

55(a): প্রথম সারি $1^2, 2^2, 3^2, 4^2 = $ **16**

দ্বিতীয় সারি 1, 2, 3, 4, তৃতীয় সারি 2, 4, 6, **8**.

56(c): LATE শব্দটি গঠন করা যাবে।

57(b): $A \xrightarrow{+3} D \xrightarrow{+4} H \xrightarrow{+5} M \xrightarrow{+6} S \xrightarrow{+7} Z.$

58(a): $8 \xrightarrow{+16} 24 \xrightarrow{+16} 40 \xrightarrow{+16} 56 \xrightarrow{+16} 72.$

59(d): কাপড়।

60(d): আঙুর।

61(d): $\frac{117}{3} = 39, \frac{198}{3} = 66, \frac{213}{3} = 71$ কিন্তু, $\frac{164}{3} \neq 41.$

62(d): 125 ছাড়া বাকিগুলি বর্গসংখ্যা $\sqrt{1024} = 32$
$\sqrt{361} = 19, \sqrt{529} = 23.$

63(a): চাঁদ ও গ্রহ হল দু'টি মহাজাগতিক বস্তু।

64(a): $R \xrightarrow{+3} U \xrightarrow{+5} Z \xrightarrow{+7} G$
$G \xrightarrow{+3} J \xrightarrow{+5} O \xrightarrow{+7} V$
$I \xrightarrow{+3} L \xrightarrow{+5} Q \xrightarrow{+7} X$

কিন্তু, $B \xrightarrow{+4} F \xrightarrow{+4} J \xrightarrow{+7} Q.$

65(c): $G \xrightarrow{-2} E \xrightarrow{-2} C \xrightarrow{-2} A$
$P \xrightarrow{-2} N \xrightarrow{-2} L \xrightarrow{-2} J$
$T \xrightarrow{-2} R \xrightarrow{-2} P \xrightarrow{-2} N$

কিন্তু, $V \xrightarrow{-1} U \xrightarrow{-2} S \xrightarrow{-2} Q.$

66(c): সংস্থা ও তার সদর দপ্তর।

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# ইন্ডিয়ান ব্যাঙ্কে ২৪০

প্রথম পাতার পর

অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা স্নাতক, সঙ্গে ডোয়েক (বর্তমানে এনআইইএলআইটি) 'বি' লেভেল কোর্স পাশ।পাশাপাশি ওর‍্যাকল সার্টিফায়েড অ্যাসোসিয়েট। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ওর‍্যাকল সার্টিফায়েড প্রফেশনাল কোর্স পাশ প্রার্থীদের অগ্রাধিকার। **বয়স:** ২৩ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

**চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট:** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীর জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার মেম্বারশিপ থাকতে হবে, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আইসিএমএ বা সিএফএ পাশ বা ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডসে সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৩ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

**ক্রেডিট:** ৮০টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন সহ এমবিএ বা এমএমএস। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

**ফিনান্স:** ৮০টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, বৌদ্ধিক প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা বিজনেস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

**ফিনান্সিয়াল অ্যানালিস্ট:** ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া বা ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টসের মেম্বারশিপ থাকতে হবে। অথবা সিএফএ পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

**ওয়েল্থ ম্যানেজমেন্ট:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে মার্কেটিং বা ওয়েল্থ ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন সহ মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট পাশ। এর পাশাপাশি এনআইএসএম থেকে মিউচুয়াল ফান্ড ডিস্ট্রিবিউশন এবং আইআরডিএআই থেকে লাইফ অ্যান্ড নন-লাইফ ইনশিওরেন্সে সার্টিফিকেট কোর্স পাশ। সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

**হিউম্যান রিসোর্স:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা হিউম্যান রিসোর্স বা হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বা সোশ্যাল ওয়ার্ক বা লেবার ল-এ পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩১ বছরের মধ্যে হতে হবে।

**মার্কেটিং:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন সহ এমবিএ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা মাস্টার অব ম্যানেজমেন্ট স্টাডিজ কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

১-৪-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

তফসিলিরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

বেতনক্রম ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, দুর্গাপুর, কল্যাণী ও বর্ধমান।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indianbank.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত ও ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৮ এপ্রিল।

দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে— প্রার্থীর রঙিন ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও নির্দিষ্ট বয়ানে লেখা ডিক্লারেশন। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। পেমেন্ট গেটওয়ে চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর রিসিট সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ৬৫৬৫ টেকনিশিয়ান নিয়োগের সিদ্ধান্ত রেলের

**নিজস্ব প্রতিনিধি:** ৬,৫৬৫ জন টেকনিশিয়ান নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় রেল। প্রধানত গ্রেড-থ্রি-র বিভিন্ন ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। মাধ্যমিক সহ বিভিন্ন ট্রেডে আইটিআই অথবা ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ করে থাকলে গ্রেড-থ্রি-র টেকনিশিয়ান পদে আবেদন করা যাবে।

উল্লেখ্য, রেল বোর্ড এ বছরের ৩০ মার্চ পাঠানো এক চিঠিতে (No.2026/E (MPP/25/13/Technician) জোনাল রেল ও রেলের সরঞ্জাম উৎপাদনকারী সংস্থাগুলির জেনারেল ম্যানেজারদের শূন্যপদ সম্পর্কে অবহিত করেছে। এবার সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিশ প্রকাশের অপেক্ষা। গ্রেড-ওয়ান টেকনিশিয়ানের কিছু শূন্যপদ থাকবে। তবে বেশির ভাগ শূন্যপদ থাকবে টেকনিশিয়ান গ্রেড-থ্রি পদের জন্য।

## আইটিআইয়ের নানা ট্রেড কোর্স পাশ ও অ্যাপ্রেন্টিসরা আবেদনের যোগ্য

রেল বোর্ড সূত্রে খবর, সব মিলিয়ে মোট ৩৯টি ক্যাটেগরিতে টেকনিশিয়ান নিয়োগ করা হবে। ফিটার, ওয়েল্ডার, পেন্টার, কার্পেন্টার, মেকানিক্যাল, ডিজেল মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, পাওয়ার, রেফ্রিজারেশন প্রভৃতি ট্রেড কোর্স বা এই সব ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট অনুসারে ট্রেনিং নেওয়া থাকলে টেকনিশিয়ান (গ্রেড-ওয়ান) পদে আবেদন করা যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সে নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা নেওয়া হয়। পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ম্যাথমেটিক্স, সায়েন্স ও ট্রেড সম্পর্কিত অবজেক্টিভ টাইপ প্রশ্ন থাকে। পরীক্ষার মোট নম্বর ১০০।

আগ্রহী প্রার্থীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। রেলের চাকরির পরীক্ষা সব সময়ই প্রতিদ্বন্দ্বিতামূলক। সাফল্যের জন্য ভালো প্রস্তুতির দরকার হয়। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলির তরফে সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস প্রকাশিত হলে আবেদন করা যাবে। প্রয়োজনীয় তথ্য সহ সে খবর 'কর্মক্ষেত্র'য় জানানো হবে।

RICE ADAMAS GROUP

ADAMAS UNIVERSITY

NAAC GRADE A




Campus Map Index: 1. Professors' Residence, 2. VC's Residence, 3. Academic Building 1, 4. Academic Building 2, 5. Academic Building 3, 6. Engineering Workshop, 7. School of Business, 8. School of Engineering & Technology, 9. School of Media & Communication, 10. School of Education, 11. School of Law & Justice, 12. School of Liberal Arts & Culture Studies, 13. Girls' residence -1, 14. Girls' residence - 2, 15. Boys' residence -1, 16. Boys' residence -2, 17. Sports Complex, 18. Pharmacy, 19. Mini Hospital, 20. Gymnasium, 21. Spa & Salon, 22. Food Court - 1, 23. Food Court - 2, 24. Food Court -3, 25. Admissions Building, 26. Bank & ATM, 27. Helipad, 28. Subhash Mukhopadhyay Stem Cell Lab, 29. Entry Gate, 30. Departmental Store, 31. Centre for Lifelong Learning

At Adamas University, excellence is a way of life. Ranked highly in Bengal across academics, research and student development, we don't just deliver top results; we nurture well-rounded individuals. From vibrant extracurricular to industry-ready programmes, we prepare our students to thrive — in the classroom, in the workplace and in life. With stellar recruitment opportunities, transformative experiences and a culture that encourage curiosity, creativity and confidence. For students who aim to bloom in every aspect, Adamas University leads the way.

86 + Undergraduate & Postgraduate Programs

School of Engineering and Technology
- B.Tech (Civil Engineering)
- B.Tech (Biomedical Engineering)
- B.Tech (Computer Science and Engineering & Business Systems)
- B.Tech (Computer Science and Engineering)
- B. Tech (Electronics and Communication Engineering)
- B.Tech (Electrical Engineering)
- B.Tech Electronics Engineering (VLSI Design and Technology)
- B.Tech (Mechanical Engineering)
- B.Tech (Robotics and Artificial Intelligence)
- B.Tech CSE (Artificial Intelligence & Machine Learning)
- B.Tech CSE (Cloud Computing)
- B.Tech CSE (Cyber Security)
- B.Tech CSE (Data Science)
- B.Tech CSE (with specialization in SAP)
- SAP Add-on Global Certification
- BCA
- M.Tech (VLSI & Embedded Systems)
- M.Tech (Data Science and Digital Transformation)
- M.Tech (Structural Engineering)
- MCA

School of Health and Medical Sciences
- B.Pharm
- B.A (Psychology)
- B.Sc (Psychology)
- B.Sc Food, Nutrition and Dietetics
- B.Sc Medical Laboratory Technology
- Bachelor of Optometry
- D.Pharm
- M.A (Psychology)
- M.Sc (Psychology)
- M.Sc (Clinical Embryology)
- M.Pharm (Pharmaceutics) / M.Pharm (Pharmacology)

School of Basic and Applied Sciences
- B.Sc (Chemistry)
- B.Sc (Environmental Science and Sustainability)
- B.Sc (Mathematics and Computing)
- B.Sc (Applied Statistics and Data Science)
- B.Sc (Forensic Science)
- B.Sc (Geography)
- B.Sc. (Geoinformatics)
- B.Sc (Physics)
- M.Sc (Chemistry)
- M.Sc (Environmental Science and Sustainability)
- M.Sc (Forensic Science)
- M.Sc (Geography)
- M.Sc (Geoinformatics)
- M.Sc (Physics)
- M.Sc (Applied Statistics and Data Science)
- Post-M.Sc Diploma in Medical Physics

School of Liberal Arts & Culture Studies
- B.A (Bengali Language and Literature)
- B.A (English Language and Literature)
- B.A (Political Science & International Relations)
- B.A (Public Administration & Governance) • B.A (Sociology)
- B.A (History)
- B.Sc (Economics)
- M.A (Bengali Language and Literature)
- M.A (English Language and Literature)
- M.A (History)
- M.A (Political Science & International Relations)
- M.A (Public Administration & Governance)
- M.A (Sociology)
- M.Sc (Economics)

School of Life Science and Biotechnology
- B.Sc (Microbiology)
- B.Sc (Biochemistry)
- B.Sc (Biotechnology)
- B.Tech (Biotechnology)
- B.Tech (Food Technology)
- M.Sc (Biotechnology)
- M.Sc (Microbiology)
- M.Sc (Biochemistry)

School of Media and Communication
- B.A (Journalism & Mass Communication)
- B.Sc (Graphics, Animation & Media Technology)
- M.A (Journalism & Mass Communication)
- M.Sc (Graphics & Animation)

School of Business
- B.Com • BBA • MBA
- MBA (Logistics and Supply Chain Management)
- MBA (Business Analytics)

School of Education
- B.A (Education) • B.Ed
- M.A (Education)

School of Law and Justice
- BA. LLB (Hons) • BBA. LLB (Hons)
- LL.M

School of Smart Agriculture
- B.Sc (Hons) Agriculture

Lateral entry available in all streams subject to availability. | Ph.D. offered for all courses

AUJET 2026
17th April 2026
Avail upto 100% SCHOLARSHIP
Scan to Apply

ADMISSIONS OPEN 2026

6292 190 233
1800 419 7423
www.adamasuniversity.ac.in

Campus: Adamas University, Barasat-Barrackpore Road, Barbaria, P.O Jagannathpur, District-24 Parganas (North), Kolkata-700 126, West Bengal, India | City Office: Haute Street, 86A, Topsia Road (2nd Floor), Topsia, Kolkata - 700046

# পটনা এইমসে অধ্যাপক

বিভিন্ন বিভাগে ৮৬ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, প্রফেসর এবং অ্যাডিশনাল প্রফেসর নেবে পটনার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2026/1.

নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানিস্থেশিওলজি, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিয়োলজি, কার্ডিয়োথোরাসিক সার্জারি, কমিউনিটি অ্যান্ড ফ্যামিলি মেডিসিন, ডার্মাটোলজি, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, ইএনটি, গ্যাস্ট্রোয়েন্টেরোলজি, জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, মেডিক্যাল অঙ্কোলজি/ মেডিক্যাল হেমাটোলজি, মাইক্রোবায়োলজি, নেওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অপথ্যালমোলজি, অর্থোপেডিক্স, পেডিয়াট্রিক্স সার্জারি, পেডিয়াট্রিক্স, প্যাথোলজি/ল্যাব মেডিসিন, ফার্মাকোলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, ফিজিয়োলজি, সাইকিয়াট্রি, পালমোনারি মেডিসিন, রেডিয়োডায়াগনসিস, সার্জিক্যাল গ্যাস্ট্রোয়েন্টেরোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি মেডিসিন, ইউরোলজি।

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ৩১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**অ্যাডিশনাল প্রফেসর:** ১৬টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬)।

**অ্যাসোসিয়েট প্রফেসর:** ২০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ১৯টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimspatna.edu.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ৪ মে।

শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেলের ক্যাটারিংয়ে হসপিটালিটি মনিটর

হসপিটালিটি মনিটর পদে ৮৪ জনকে নেবে ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন (আইআরসিটিসি)। প্রার্থীদের তামিলনাড়ু, কেরল ও কর্নাটকে নিয়োগ করা হবে, প্রাথমিক ভাবে ২ বছরের চুক্তিতে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ১ বছর বৃদ্ধি পেতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৫, ২৭ ও ২৮ এপ্রিল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2026/IRCTC/SZ/HRD/ Rectt./Hospitality Monitors.

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনে বি এসসি। অথবা, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের

**ওয়াক-ইন-ইন্টারভিউ ২৫, ২৭ ও ২৮ এপ্রিল**

অধীনস্থ কালিনারি ইনস্টিটিউট থেকে কালিনারি আর্টসে বিবিএ বা এমবিএ। অথবা, হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং সায়েন্সে বি এসসি। অথবা ট্যুরিজম অ্যান্ড হোটেল ম্যানেজমেন্টে এমবিএ। হিন্দি ও ইংরেজি ভাষায় সাবলীল ভাবে কথাবার্তা বল তে ও লিখতে জানতে হবে। তামিল, কন্নড় ও মালয়লম ভাষা জানলে অগ্রাধিকার।

**বয়স:** ১-৪-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা (সিটিসি)।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৫, ২৭ ও ২৮ এপ্রিল (সকাল সাড়ে ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা)। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: 6A, The Rain Tree Place, No.9, Mc Nichols Road, Chetpet, Chennai-600031.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: www.irctc.com ইন্টারভিউয়ের সময় পূরণ করা দরখাস্তের সঙ্গে নিয়ে যাবেন— বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট ও কাজের অভিজ্ঞতার যাবতীয় সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সাউথ ইস্টার্ন কোলফিল্ডসে ১০৫৫

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। সঙ্গে সার্ভেয়র্স কম্পিটেন্সি সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

**অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল):** ৪৩৫টি (সাধারণ ১৭৪, তফসিলি জাতি ৮৩, তফসিলি উপজাতি ৬১, ওবিসি ৭৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক সহ স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে অন্তত ৩ বছরের ডিপ্লোমা।

**বয়স:** ৮-৪-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**বেতন:** সব পদের ক্ষেত্রেই নির্দিষ্ট মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://secl-cil.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১৪ মে।

অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে), শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, কাস্ট সার্টিফিকেট সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র (পিডিএফ ফর্ম্যাটে) আপলোড করতে হবে। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি-সহ)। মহিলা, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী ও তফসিলি প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এনটিপিসি-তে ডাক্তার

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার, ফিজিশিয়ান এবং অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজিস্ট পদে ৫৩ জনকে নেবে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এনটিপিসি)। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৪/২৬।

**শূন্যপদের বিবরণ: জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার:** ২০টি (সাধারণ ১২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস। সেই সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**ফিজিশিয়ান:** ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল মেডিসিনে এমডি বা ডিএনবি। সেই সঙ্গে ১ বছরের অভিজ্ঞতা। অভিজ্ঞতা না থাকলেও আবেদন করা যাবে। বেতনক্রম: ৭০,০০০-২,০০,০০০ টাকা (ফ্রেশারদের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা)।

**অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজিস্ট:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজিতে এমডি বা এমএস বা ডিএনবি সহ ১ বছরের অভিজ্ঞতা। অভিজ্ঞতা না থাকলেও আবেদন করা যাবে। অথবা এমবিবিএস সহ অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা। বেতনক্রম: ৭০,০০০-২,০০,০০০ টাকা (ফ্রেশার ও ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা)।

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২৩-৪-২০২৬ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: careers.ntpc.co.in, www.ntpc.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না। অনলাইন-অফলাইন দু' পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে পে-ইন-স্লিপের মাধ্যমে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে: 30987919993 (CAG branch, New Delhi, Code: 09996). ফি জমার রসিদ নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

অনলাইন দরখাস্ত সাবমিটের পর অ্যাপ্লিকেশন নম্বর-সহ অ্যাপ্লিকেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নৌসেনায় বাদ্যযন্ত্রী

ট্রেনিং দিয়ে কিছু বাদ্যযন্ত্রী নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। অগ্নিবীর প্রকল্পে নিয়োগ করা হবে অগ্নিবীর এম আর মিউজিশিয়ান এন্ট্রিতে। শুধুমাত্র অবিবাহিত পুরুষ ও মহিলারা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০২৬ ব্যাচে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে নির্দিষ্ট বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা থাকতে হবে। বাদ্যযন্ত্রগুলি হল— কী বোর্ড, স্ট্রিংস, উইন্ড ইনস্ট্রুমেন্ট বা অন্য যে-কোনও ভারতীয় বা বিদেশি বাদ্যযন্ত্র। সংশ্লিষ্ট বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতার প্রমাণস্বরূপ মিউজিক্যাল সার্টিফিকেট এবং মিউজিক্যাল এক্সপেরিয়েন্স সার্টিফিকেট থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া উভয় চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সিপি পাস মানের হতে হবে।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৭-২০০৪ থেকে ৩১-১২-২০০৮-এর মধ্যে।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

প্রশিক্ষণ শুরু হবে জুলাইয়ে, চিলকায়।

চার বছরের মেয়াদ শেষে নৌবাহিনীতে শর্তানুসারে চাকরির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর নৌবাহিনীতে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ সেবা নিধি প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগসুবিধা তাঁরা পাবেন না।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা, বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাই এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পরীক্ষা জুন মাসে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (মহিলাদের ক্ষেত্রে ১৫টি) (ওঠ-বোস), ১৫টি সিট আপ (মহিলাদের ক্ষেত্রে ১০টি) এবং ১৫টি পুশ আপ (মহিলাদের ক্ষেত্রে ১০টি)। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে সায়েন্স, ম্যাথমেটিক্স ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। মোট নম্বর ৫০। সময় ৩০ মিনিট। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাইয়ের পরীক্ষার জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.join indiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২৬ এপ্রিল পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। প্রার্থীর নাম ও যে-তারিখে ফটো তোলা হচ্ছে সেটি একটি স্লেটের উপর সাদা চক দিয়ে ইংরেজির বড় হরফে লিখে ফটো তুলতে হবে।

২০২৬-এর মার্চ মাসের আগে তোলা ফটো চলবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ৩০ হাজার লোক নেবে অ্যাকসেঞ্চার

## নিয়োগ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগে

**নিজস্ব প্রতিনিধি:** ৩০ হাজার লোক নেবে তথ্যপ্রযুক্তি সংস্থা অ্যাকসেঞ্চার। নিয়োগ হবে সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগে। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, এই ৩০ হাজার শূন্যপদের মধ্যে ১১৬টি শূন্যপদ রয়েছে ফ্রেশারদের জন্য। অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ১১,৪৯২টি শূন্যপদে আবেদনের সুযোগ রয়েছে। ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্নদের জন্য রয়েছে ১৬,৪৯৬টি শূন্যপদ। অবশিষ্ট শূন্যপদ আরও বেশি অভিজ্ঞদের জন্য। স্বল্প অভিজ্ঞ ও অভিজ্ঞ, উভয়ের জন্যই কলকাতায় কাস্টম সফটওয়্যার ইঞ্জিনিয়ারের প্রচুর শূন্যপদ রয়েছে। নিয়োগ হবে ক্লাউড প্ল্যাটফর্ম ইঞ্জিনিয়ার, অ্যাপ্লিকেশনস সাপোর্ট ইঞ্জিনিয়ার পদে।

প্রার্থীকে অন্তত ১৫ বছর নিরবচ্ছিন্ন ভাবে পড়াশোনা করে থাকতে হবে। অ্যাপ্লিকেশন কোড সংক্রান্ত বিভিন্ন দিকের বিশ্লেষণ, ডিজাইনিং, কোডিং ও টেস্টিংয়ের জ্ঞান থাকতে হবে।

আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https:// www.accenture.com/in-en/careers ওয়েবসাইটে 'সার্চ ওপেন রোলস'-এ ক্লিক করলে নিয়োগের জন্য বিভিন্ন বিভাগের তালিকা পাবেন। 'সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং' বিভাগে ক্লিক করলে পদ অনুসারে অনলাইন আবেদনের উইন্ডো পাওয়া যাবে। পদ অনুসারে কাজের দায়িত্ব ও প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে তথ্য পাবেন এখানেই।




ছাত্রছাত্রীদের কাছে সমাদৃত
উচ্চমাধ্যমিক
বাংলা সহায়িকা
কয়াল ও বন্দ্যোপাধ্যায়
দ্বাদশ শ্রেণি ❖ সেমিস্টার-III
দে বুক কনসার্ন
১৫, শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা- ৭০০০৭৩
E-mail
deybookconcern@gmail.com
deybookconcern@yahoo.co.in

We are hiring
DGM & AGM
OPEN JOB POSITIONS IN HUMAN RESOURCES
IQ CITY KNOWLEDGE & HEALTH CAMPUS DURGAPUR

DGM (1 Position)
Key Roles & Responsibilities:
• A Degree Holder in Human Resources. He/She should hold an experience of 10 to 15 years in HR Administration out of which He/She should have served a medical college for a minimum period of 5 years. Preference will be given to the candidates who have served a composite educational institution training Doctors, Nurses, Pharmacists, Paramedics etc.

AGM (2 Positions)
Key Roles & Responsibilities:
• A degree holder in Human Resources. He/She should have served a Hospital in similar position for a minimum period of 8 - 10 years. Should have a knack of talent acquisition, training, and HR operations

Send your resume at:
hr.dept@iqct.in
IQ City Road, Durgapur-713 206, West Bengal www.iqcity.in


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in